

রাজকীয় সাজে মেহজাবীন চৌধুরী -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৮০ ঃ মেহেরপুর-বৃহস্পতিবার ৮ জানুয়ারি ২০২৬ ইং ঃ ২৪ পৌষ ১৪৩২ বাংলা ঃ ১৮ রজব ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

## কাগজে উন্নতি আছে ॥ বাস্তবে সমস্যা থেকেই গেছে

# মেহেরপুরে প্রাথমিক বিদ্যালয়ের বাস্তবতা



মেহেরপুর শহরসংলগ্ন একটি স্কুলের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী তৌহিদ (ছদ্মনাম) মাথা নিচু করে বলে– "আমার পড়া বুঝি না। মুখস্থ করে লিখি। পরে মনে থাকে না।" তার এই স্বীকারোক্তি যেন পুরো প্রজন্মের অসহায় সত্যকে সামনে এনে দাঁড় করায়। শুধু শিশুরাই নয়, দুশ্চিন্তায় অভিভাবকেরা। স্থানীয় এক মা বলেন, "আমার ছেলে স্কুলে যায়, সার্টিফিকেট পাবে ঠিকই।

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গ্রামঘেরা এক প্রাথমিক বিদ্যালয়ের করিডোরে ছুটে বেড়ায় কয়েকজন শিশু। হাতে বই, চোখে হাসি। ঘণ্টা বাজার সঙ্গে সঙ্গেই ঢুকে পড়ে শ্রেণিকক্ষে। কিন্তু দরজার ভেতরে ঢুকলেই যেন বদলে যায় দৃশ্য–এই শিশুরা স্কুলে আসে, কিন্তু কতটা শিখছে? এটা কোনো একক বিদ্যালয়ের গল্প নয়; এ গল্প এখন মেহেরপুরের বেশিরভাগ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের। মেহেরপুর সদর উপজেলার এক গ্রাম স্কুলের উঠোনে দাঁড়িয়ে থাকা চতুর্থ শ্রেণির ছাত্র নাফিউল (ছদ্মনাম) তার চোখে লজ্জা, মুখে দ্বিধা ধীরে ধীরে বলে, "স্যার জিজ্ঞেস করলে ভয় লাগে। পড়া পারি না, কিন্তু পরীক্ষা দিলে নম্বর পাই।" এ বিদ্যালয়ে আসা অভিভাবক মিজানুর রহমান চুপচাপ দাঁড়িয়ে ছিলেন। একসময় নিচুস্বরে বলেন, "বাচ্চাটা কতটা শিখছে, বুঝি না। কিন্তু পাশ করছে–এটাই সান্ত্বনা, আবার ভয়ও।" গাংনী উপজেলার একটি বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির ছাত্রী মাহির (ছন্দনাম) এর গল্প আরও কষ্টের। বই খুলে পড়তে বলা হলে সে চুপ করে থাকে। তার শিক্ষক বলেন– "মাহি ক্লাসে আসে নিয়মিত। কিন্তু পড়ার বেসিকই শক্ত না হওয়ায় সামনে এগোতে পারে না।" মাহির মা বলেন, "আমি তো অশিক্ষিত মানুষ। বাসায় পড়াতে পারি না। স্কুলে পাঠাই–এই ভরসায়।" একটি বিদ্যালয়ের প্রধান শিক্ষক দেখান রিপোর্ট। তাতে উন্নতি, সাফল্য, অর্জনের তালিকা। কিন্তু একই বিদ্যালয়েরই চতুর্থ শ্রেণির কয়েকজন শিক্ষার্থী সহজ বাংলা বাক্য পড়তে পারে না, গুণের নামতা বলতে গিয়ে থেমে যায় মাঝপথে। একজন শিক্ষক নাম প্রকাশ না করার শর্তে স্বীকার করেন– "কাগজে উন্নতি আছে। বাস্তবে সমস্যা থেকেই গেছে।" মেহেরপুর শহরসংলগ্ন একটি স্কুলের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী তৌহিদ (ছদ্মনাম) মাথা নিচু করে বলে– "আমার পড়া বুঝি না। মুখস্থ করে লিখি। পরে মনে থাকে না।" তার এই স্বীকারোক্তি যেন পুরো প্রজন্মের অসহায় সত্যকে সামনে এনে দাঁড় করায়। শুধু শিশুরাই নয়, দুশ্চিন্তায় অভিভাবকেরা। স্থানীয় এক মা বলেন, "আমার ছেলে স্কুলে যায়, সার্টিফিকেট পাবে ঠিকই। কিন্তু শেখার শক্ত ভিত না থাকলে সামনে কীভাবে টিকবে?" একজন শিক্ষক বলেন– "শিশুদের মনোযোগ ধরে রাখা কঠিন হচ্ছে। বেসিক দুর্বল, সঙ্গে শিক্ষক সংকট। তবুও আমরা চেষ্টা করে যাচ্ছি।"প্রাথমিক শিক্ষাবিষয়ক ফেলো

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরসহ ১১ জেলায় শৈত্যপ্রবাহ, জনজীবন বিপর্যস্ত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরসহ দেশের রাজশাহী, পাবনা, বগুড়া, দিনাজপুর, নীলফামারী, পঞ্চগড়, রাঙ্গামাটি, যশোর, চুয়াডাঙ্গা ও কুষ্টিয়া জেলায় টানা মৃদু থেকে মাঝারি শৈত্যপ্রবাহ অব্যাহত রয়েছে। আবহাওয়া অধিদপ্তরের বুলেটিন অনুযায়ী, তাপমাত্রা ৬-১০ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে ওঠানামা করছে এবং আগামী কয়েকদিনও শীত অব্যাহত থাকার সম্ভাবনা রয়েছে। শৈত্যপ্রবাহের কারণে দিনমজুর, রিকশাচালক ও নিম্নআয়ের মানুষ বিশেষভাবে বিপর্যস্ত। শিশু ও বৃদ্ধরা ঠান্ডাজনিত রোগে আক্রান্ত হচ্ছেন। মেহেরপুর জেনারেল হাসপাতালের চিকিৎসকরা জানান, নিউমোনিয়া, শ্বাসকষ্ট ও ডায়রিয়ায় রোগীর সংখ্যা বেড়েছে। আবহাওয়াবিদরা সতর্ক করেছেন, ঘন কুয়াশায় সড়ক, নৌ ও বিমান যোগাযোগে ঝুঁকি রয়েছে। শীত থেকে রক্ষা পেতে উষ্ণ কাপড় ব্যবহার করতে হবে, বিশেষ করে শিশু ও বৃদ্ধদের। সরকারি-বেসরকারি উদ্যোগে শীতার্তদের মাঝে কম্বল

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে অপহরণের ৬ ঘণ্টার মধ্যে মাহিদকে উদ্ধার করল পুলিশ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগরে অপহৃত কিশোর মো. মাহিদ হোসেনকে (১৭) অপহরণের মাত্র ৬ ঘণ্টার মধ্যে সুস্থ অবস্থায় উদ্ধার করেছে জেলা পুলিশ। গতকাল বুধবার দিবাগত রাত সোয়া দুইটার দিকে পুলিশের বিশেষ অভিযানে তাকে উদ্ধার করা হয়। এ সময় অভিযানে বাধা দিতে পুলিশকে লক্ষ্য করে ককটেল নিক্ষেপ করে অপহরণকারীরা। তবে তারা পালিয়ে যায়। অপহৃত মাহিদ হোসেন মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের বাবুপুর গ্রামের চাকরিজীবী আমির উদ্দিনের ছেলে। পুলিশ জানায়, মঙ্গলবার সন্ধ্যায় দিকে মাহিদ তার তিন বন্ধু সাব্বির আলী রিয়াদ, সবুজ ও ফরহাদের সঙ্গে মোটরসাইকেলে কোমরপুর বাজার থেকে বাবুপুর গ্রামের বাড়ির দিকে যাচ্ছিলেন। সন্ধ্যা সাড়ে ৭টার দিকে তারা কোমরপুর ইটভাটা সংলগ্ন এলাকায় পৌঁছালে একদল অপহরণকারী তাদের মোটরসাইকেলের গতিরোধ করে। তারা বন্ধুদের ছেড়ে দিয়ে মাহিদকে জোর করে পাশের বাগানে নিয়ে যায় এবং তার পরিবারের কাছে ৩০ লাখ টাকা মুক্তিপণ দাবি করে। খবর পেয়ে তাৎক্ষণিকভাবে পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়ের নির্দেশনায়

২-এর পৃষ্ঠা দেখুন

## 'লং সার্ভিস ডেকোরেশন' অ্যাওয়ার্ডে ভূষিত ফররুখ

নিজস্ব প্রতিবেদক



মেহেরপুর জেলা রোভার স্কাউটের ডিস্ট্রিক্ট রোভার স্কাউট লিডার (ডিআরএসএল), মেহেরপুর পৌর ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক ও আমোদের সূর্যোদয় পত্রিকার উপদেষ্টা পরিষদের সদস্য ফররুখ আহমেদ (উডব্যাজার) বাংলাদেশ স্কাউট কর্তৃক জাতীয় পর্যায়ের সম্মানসূচক 'লং সার্ভিস ডেকোরেশন' অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন। এর আগে তিনি বাংলাদেশ স্কাউটের সম্মানসূচক 'মেডেল অব মেরিট' লাভ করেন এবং খুলনা বিভাগের শ্রেষ্ঠ রোভার সম্পাদক হিসেবে গৌরব অর্জন করেন। ফররুখ আহমেদ একজন এ্যাডাল্ট লিডার হিসেবে দীর্ঘ প্রায় ২৩ বছর ধরে স্কাউট আন্দোলনের সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত রয়েছেন। এই সময়ে তিনি মেহেরপুর জেলা রোভার স্কাউটের সম্পাদকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। পাশাপাশি তিনি রোভার স্কাউটের কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা উপ-কমিটির সদস্য হিসেবেও দায়িত্ব পালন করেছেন। স্কাউট আন্দোলনে

২-এর পৃষ্ঠা দেখুন



## দালালের প্রতারণায় সৌদিতে মানবেতর জীবন, নিঃস্ব মেহেরপুরের এক পরিবার

নিজস্ব প্রতিবেদক

প্রবাসে গিয়ে পরিবারকে স্বচ্ছল করার স্বপ্ন নিয়ে সৌদি আরবে পাড়ি জমিয়েছিলেন মেহেরপুরের এক যুবক। কিন্তু সেই স্বপ্ন এখন দুঃস্বপ্নে পরিণত হয়েছে। দালালের প্রতারণায় পড়ে কাজ না পেয়ে মানবেতর জীবনযাপন করছেন গাংনী উপজেলার হিন্দা গ্রামের যুবক মোতালেব হোসেন। অভিযোগ রয়েছে, তাকে হাত-পা বেঁধে আটকে রেখে পরিবারের কাছে অতিরিক্ত টাকা আদায় করছে দালাল চক্র। জানা গেছে, গত বছরের ৮ আগস্ট হিন্দা গ্রামের কামাল হোসেনের ছেলে

২-এর পৃষ্ঠা দেখুন

## তারেক রহমানের নিরাপত্তা টিমের পরিচালক মেহেরপুরের ক্যাপ্টেন (অব.) আজম

নিজস্ব প্রতিবেদক



বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নিরাপত্তা টিমের পরিচালক (সমন্বয়) হিসেবে দায়িত্ব পেয়েছেন মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের সন্তান ক্যাপ্টেন (অব.) গনি-উল আজম। সম্প্রতি বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবীর রিজভী স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়েছে। দলীয় সূত্র জানায়, দীর্ঘদিন বাংলাদেশ সেনাবাহিনীতে দায়িত্ব পালন ও পেশাগত জীবনে শৃঙ্খলা, দায়িত্ববোধ ও দক্ষতার স্বীকৃতি হিসেবেই তাকে এ গুরুত্বপূর্ণ দায়িত্ব দেওয়া হয়েছে। প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, "দলের নেতৃত্ব ও সংগঠনের নিরাপত্তা জোরদারে অভিজ্ঞ ও যোগ্য ব্যক্তিকেই দায়িত্ব দেওয়া হয়েছে। ক্যাপ্টেন (অব.) গনি-উল আজমের অভিজ্ঞতা বিএনপির জন্য ইতিবাচক ভূমিকা রাখবে।" ক্যাপ্টেন (অব.) গনি-উল আজম মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের রুহুল আমিনের ছেলে।

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে ওয়ার্ড মেম্বার সিরাজুলের মানবিক উদ্যোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালি ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের সদস্য সিরাজুল ইসলামের ব্যক্তিগত উদ্যোগে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। বুধবার বিকেলে ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের রামনগর গ্রামে জাতীয়তাবাদী দল বিএনপির ওয়ার্ড কার্যালয়ে এই কম্বল বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রায় ১৫০ জন দরিদ্র ও অসহায় পরিবারের মাঝে শীতবস্ত্র হিসেবে কম্বল বিতরণ করা হয়। কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের

২-এর পৃষ্ঠা দেখুন




ঐতিহ্যের ৬০ বছর

প্রতিষ্ঠাতা :- মরহুম হাজী গিয়াস উদ্দিন

প্রো: মো: আলমগীর বাদশা শিল্টন

নতুন স্বাদের খোঁজে গিয়াস মিস্টান্ন ভান্ডার

আপনিকি খুঁজছেন মধুর স্বাদে, ঘরোয়া তাজা মিস্টি এবং মনোমুগ্ধ অভিজ্ঞতা?
হোটেল বাজার শিল্টন টাওয়ারে গিয়াস মিস্টান্ন ভান্ডারে এসেছে নতুন নতুন স্বাদের মিস্টি-- মালাইকারি, হাড়ি ভাংগা, সর মালাই,ইরানী ভোগ, শাহী চমচম, ঘি পানতোয়া, গোলাপ জাম, লেংচা, শাহী স্পেশাল দই ---আরো হরেক স্বাদের অনেক মিস্টি।

মেহেরপুরের এতিহ্যবাহী মিষ্টি এখন আরো কাছে

শিল্টন টাওয়ার, প্রধান সড়ক হোটেলবাজার, মেহেরপুর। | মোবাইল : ০১৭১২-৬২০৪৮৬ ০১৭১১-৩১৪১৮৬



## মেহেরপুরে জেলা প্রশাসনের গণশুনানী অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে এক গণশুনানী অনুষ্ঠিত হয়েছে।গতকাল বুধবার সকাল থেকে দুপুর পর্যন্ত জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই আয়োজন করা হয়। জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবীর অনুষ্ঠানে জেলার বিভিন্ন এলাকা থেকে আগত বিভিন্ন শ্রেণি-পেশার মানুষদের সমস্যার কথা মনোযোগ সহকারে শোনেন। উপস্থিত জনসাধারণ তাদের ব্যক্তিগত ও সামাজিক সমস্যাগুলো তুলে ধরেন। জেলা প্রশাসক ধৈর্যসহকারে সকল সমস্যার কথা শোনার পাশাপাশি দ্রুত সমাধানের আশ্বাস দেন। গণশুনানীর সময় অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ তরিকুল ইসলামও উপস্থিত ছিলেন।



## আমঝুপিতে হাসিমুখ সংগঠনের উদ্যোগে অসহায়দের কম্বল বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নে হাসিমুখ সংগঠন অসহায় ও দুস্থ মানুষের মাঝে কম্বল বিতরণ করেছে। গতকাল বুধবার সন্ধ্যা ৭টায় সংগঠনের অফিস প্রাঙ্গণে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি ইকবাল আহমেদ রাজ সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিএনপি নেতা ও রাজনীতিবিদ শফিকুল ইসলাম। এরপর ৮০ জন অসহায় মানুষের হাতে শীতবস্ত্র হিসেবে কম্বল তুলে দেওয়া হয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নুরুল

২-এর পৃষ্ঠা দেখুন

## ২০২৫ সালে মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় নিহত ৬৭ জন

নিজস্ব প্রতিবেদক

২০২৫ সালে মেহেরপুর জেলার বিভিন্ন এলাকায় সড়ক দুর্ঘটনায় ৬৭ জন নিহত হয়েছেন, যাদের মধ্যে ১৩ জন মহিলা রয়েছেন। দুর্ঘটনার মধ্যে রয়েছে ব্যক্তিগত গাড়ি, ট্রাক, মাইক্রোবাস, মোটরসাইকেল ও সিএনজি সংক্রান্ত বিভিন্ন ঘটনা। বছরের প্রথম দিনেই মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নূর মোহাম্মদ মৃত্যুবরণ করেন। এরপর পুরো বছর জুড়ে গাংনী, মুজিবনগর, সদর, তেরঘরিয়া,

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

পরিবেশক
- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক

কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (কুয়াশায় কাঁপছে মেহেরপুরের জনজীবন)

হিমেল হাওয়া বইছে এখন
ঠান্ডা একটু বেশি
সূর্য মামার দেখা নেই
কুয়াশা পড়ছে ঠেশি।
ভোর বেলাতে উঠতে শিশু
কষ্ট পাচ্ছে যেমন
ওঠো বেটা কষ্ট হলেও
স্কুলে যাবে কখন।
বৃদ্ধ বালার শিশু যুবক
কাঁপছে থর থর
সূর্য আমার রাগ করেছে
আমরা এখন পর।
উঠবে রোদ তাপ ছড়াবে
উঠবো সবাই হেসে
ছুটবো সবাই নিজ গতিতে
আপন আপন কাজে।

সিসি ক্যামেরা নিয়ন্ত্রিত

আবুল কাসেম স্যার পরিচালিত

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজে

নার্সারি থেকে ১০ম শ্রেণি (বিজ্ঞান ও মানবিক শাখায়)

ইংলিশ স্পোকেন | ইন্টিগ্রেটেড ভার্সন | আবাসিক
নূরানী আরবি শিক্ষা | সমৃদ্ধ ল্যাব ও লাইব্রেরি | ডে-কেয়ার

ভর্তি চলছে

কেন্দ্রীয় ঈদগাহ রোড, গাংনী, মেহেরপুর, ফোন ঃ ০১৭১০-১১৬৮২৮

সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -
✔ অথেনটিক প্রোডাক্ট
✔ সেরা দাম
✔ নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় আন অফিসিয়াল রিফারবিশড বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন- প্রধান সড়ক -মেহেরপুর

হেল্পলাইন: ০১৭১২-৫১১১৮১

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ বৃহস্পতিবার ॥ ২৪ পৌষ ১৪৩২ বাংলা ॥ ৮ জানুয়ারি ২০২৬ইং

## মেহেরপুরে সেনাবাহিনীর সড়ক মহড়া

নিজস্ব প্রতিবেদক

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে আইন-শৃঙ্খলা রক্ষা এবং ভোটারদের ভোট প্রদানে উদ্বুদ্ধ করার লক্ষ্যে সেনাবাহিনী সড়ক মহড়া করেছে। মেহেরপুর জেলা সেনা ক্যাম্পের লেঃ কর্ণেল মোঃ হাসান মাহমুদ সৌরভের নেতৃত্বে সেনাবাহিনীর একটি টিম জেলা সদর থেকে শুরু করে দুই আসনের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে ফিরে আসে। মহড়ায় মেহেরপুর জেলা প্রশাসনের সহকারি কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আরাফাত হোসেনসহ সেনাবাহিনীর অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

# ৩৫ জেলায় ছড়িয়েছে নিপাহ ভাইরাস

## হাসপাতালকে প্রস্তুত থাকার নির্দেশ

সূর্যোদয় প্রতিবেদন

দেশের ৬৪ জেলার মধ্যে অন্তত ৩৫ জেলায় নিপাহ ভাইরাসের সংক্রমণ শনাক্ত হয়েছে। গত বছর ২০২৫ সালে নিপাহ ভাইরাসে আক্রান্ত হয়ে চারজনের মৃত্যু হয়েছে। সংশ্লিষ্টদের শরীরেই নিপাহ ভাইরাসের সংক্রমণ নিশ্চিতভাবে শনাক্ত করা হয়। সর্বশেষ একজন রোগী রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর) জানায়, এর আগের বছর ২০২৪ সালে নিপাহ ভাইরাসে আক্রান্ত হয়ে পাঁচজনের মৃত্যু হয়। ওই বছর শনাক্ত হওয়া সব রোগীর ক্ষেত্রেই প্রাণঘাতী এ ভাইরাসের উপস্থিতি নিশ্চিত করা হয়েছিল।গতকাল বুধবার আইইডিসিআরের মিলনায়তনে অনুষ্ঠিত 'নিপাহ ভাইরাসের বিস্তার ও ঝুঁকি বিষয়ে মতবিনিময়' শীর্ষক এক সভায় এসব তথ্য জানানো হয়। সভায় সভাপতিত্ব করেন আইইডিসিআরের পরিচালক অধ্যাপক তাহমিনা শিরীন। সভায় আইইডিসিআরের বৈজ্ঞানিক কর্মকর্তা শারমিন সুলতানা জানান, প্রতিবছর শীত মৌসুমে বাংলাদেশে নিপাহ ভাইরাসের সংক্রমণ বাড়ে। এটি একটি অত্যন্ত মারাত্মক ও প্রাণঘাতী ভাইরাস, যেখানে আক্রান্ত রোগীদের প্রায় ৭২ শতাংশের মৃত্যু ঘটে। তিনি বলেন, দেশে অধিকাংশ ক্ষেত্রে কাঁচা খেজুরের রস পান করার মাধ্যমে মানুষ নিপাহ ভাইরাসে আক্রান্ত হয়। এছাড়া প্রায় ২৮ শতাংশ ক্ষেত্রে একজন থেকে অন্যজনের মধ্যে সংক্রমণ ছড়িয়ে পড়ে। তিনি আরও বলেন, নিপাহ ভাইরাসের বিরুদ্ধে এখন পর্যন্ত কার্যকর কোনো চিকিৎসা বা টিকা আবিষ্কৃত হয়নি, যা এই রোগকে

৩-এর পৃষ্ঠা দেখুন

## কুষ্টিয়ায় দিবালোকে হত্যাচেষ্টা

নিজস্ব প্রতিবেদক.কুষ্টিয়া

কুষ্টিয়া শহরের ঝাউতলায় ধারালো ডাসা দিয়ে সোহেল রানা (৪৫) নামে এক যুবককে কুপিয়ে হত্যা চেষ্টা করা হয়েছে। গুরুতর আহত সোহেল রানা বর্তমানে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি রয়েছেন। পুলিশ ও প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে জানা যায়, মঙ্গলবার দুপুরে রাজু হোটেল মোড়ের সামনে মোটরসাইকেল নিয়ে বাড়ি ফেরার সময় সোহেলের পথরোধ করা হয়। হামলাকারীরা এলোপাতাড়িভাবে কুপিয়ে গুরুতর আহত করেন। স্থানীয়রা এগিয়ে এসে কাওসার হোসেন নামে একজনকে আটক করে পুলিশে সোপর্দ করেছেন। কুষ্টিয়া মডেল থানার উপপরিদর্শক (এসআই) শামসুল ইসলাম

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## সুস্থতার সহজ পথ: কঠোর ডায়েট নয়, চাই টেকসই খাদ্যাভ্যাস

সূর্যোদয় প্রতিবেদন

সুস্থ থাকতে হলে কঠিন ডায়েট বা সাময়িক খাদ্যনিয়ন্ত্রণই একমাত্র পথ–এ ধারণা থেকে ধীরে ধীরে সরে আসছেন পুষ্টি বিশেষজ্ঞরা। তাদের মতে, শরীর ও মন ভালো রাখতে দরকার সহজ, বাস্তবসম্মত এবং দীর্ঘদিন মেনে চলা যায়–এমন খাদ্যাভ্যাস। ছোট ছোট অভ্যাসগত পরিবর্তনই এনে দিতে পারে বড় স্বাস্থ্য উপকার। দিনের শুরুটা হোক হালকা গরম পানি দিয়ে। এটি হজম শক্তিকে জাগিয়ে তোলে এবং শরীরকে দিনভর কাজের জন্য প্রস্তুত করে। চাইলে গরম পানির সঙ্গে মৌরি, ভেজানো কিশমিশ বা লবণ-চিনিহীন লেবুর পানি যোগ করা যেতে পারে। পেটের স্বাস্থ্যের জন্য খাদ্যতালিকায় কম তেলে রান্না করা সবজি, দই ও দেশীয় মশলার ব্যবহার বাড়ানোর পরামর্শ দিচ্ছেন বিশেষজ্ঞরা। এসব খাবার অন্ত্রের উপকারী ব্যাকটেরিয়ার ভারসাম্য বজায় রাখে। অন্যদিকে অতিরিক্ত চিনি ও প্রক্রিয়াজাত খাবার এড়িয়ে চলাই ভালো। এর পরিবর্তে ফলমূল ও প্রাকৃতিক খাবার শরীরের জন্য নিরাপদ ও উপকারী। খাবার খাওয়ার ধরনও কম গুরুত্বপূর্ণ নয়। 'মাইন্ডফুল ইটিং'–অর্থাৎ মনোযোগ দিয়ে

৩-এর পৃষ্ঠা দেখুন



## নবজাতকের সঙ্গে শুভেচ্ছা উপহার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রে নরমাল ডেলিভারির মাধ্যমে একটি শিশুর জন্ম দেওয়া হয়েছে এবং শিশুর মা আফরিনা আক্তারকে জেলা প্রশাসনের পক্ষ থেকে উপহার সামগ্রী ও শুভেচ্ছা প্রদান করা হয়েছে। গতকাল বুধবার সকালের দিকে সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা কেন্দ্র পরিদর্শন করে নবজাতক ও তার মাকে ফুলেল শুভেচ্ছা জানান। এছাড়া জন্ম নিবন্ধন কার্ডও প্রদান করা হয়। উপস্থিত ছিলেন মেহেরপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার ডা. রফিকুল ইসলাম। নবজাতক ও মায়ের সুস্বাস্থ্য নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা সকল ব্যবস্থা গ্রহণ করেন।

## 'এবারের নির্বাচনটা হবে লাইনচ্যুত ট্রেনকে ফের লাইনে তোলা'

সূর্যোদয় প্রতিবেদন

নির্বাচন কমিশনার (ইসি) আবুল ফজল মো. সানাউল্লাহ বলেছেন, এবারের নির্বাচনটা হবে লাইনচ্যুত একটি ট্রেনকে ফের লাইনে তোলার মতো। নির্বাচন ব্যবস্থাকে ন্যূনতম সংস্কার ও কার্যকর পদক্ষেপের মাধ্যমে সচল করার এটিই একটি বড় উদ্যোগ। গতকাল বুধবার রাজধানীর আগারগাঁওয়ে এনজিও ব্যুরো কার্যালয়ে ৮১টি সংস্থার মোর্চা 'এলায়েন্স ফর ফেয়ার ইলেকশন অ্যান্ড ডেমোক্রেসি (এএফইডি)'-এর একটি প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। দেশের নির্বাচন ব্যবস্থা ও চলমান সংস্কার কার্যক্রমের প্রসঙ্গ তুলে ধরে ইসি সানাউল্লাহ বলেন, "২০২৬ সালের নির্বাচনকে আমি যদি রূপকভাবে বলি, তাহলে এটি অনেকটা লাইনচ্যুত একটি ট্রেনকে আবার লাইনে ফিরিয়ে

৩-এর পৃষ্ঠা দেখুন



## তফশিলের বৈধতা নিয়ে রিট শুনানি করতে অপারগ হাইকোর্ট

সূর্যোদয় প্রতিবেদন

একই দিনে জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের তফশিলের বৈধতা চ্যালেঞ্জ করে দায়ের করা রিট আবেদন শুনতে অপারগতা প্রকাশ করেছেন হাইকোর্ট। বুধবার (৭ জানুয়ারি) বিচারপতি আহমেদ সোহেল ও বিচারপতি ফাতেমা আনোয়ারের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এই অপারগতার কথা জানান। আদালতে রিটের পক্ষে শুনানি করেন সুপ্রিম কোর্টের আইনজীবী ইউনুছ আলী আকন্দ। শুনানি শেষে তিনি সাংবাদিকদের জানান, বিচারপতি আহমেদ সোহেলের নেতৃত্বাধীন বেঞ্চ রিটটি শুনতে অপারগতা প্রকাশ করায় তিনি তা বিচারপতি রাজিক আল জলিলের নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চে পুনরায় উপস্থাপন করেছেন। এর আগে গত ৫ জানুয়ারি হাইকোর্টে রিট আবেদনটি দায়ের করেন আইনজীবী ইউনুছ আলী আকন্দ। রিটে গত ১১ ডিসেম্বর প্রকাশিত একই দিনে জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট


৩-এর পৃষ্ঠা দেখুন

## এনসিপিকে ১০টি আসন দেওয়ার খবর নিয়ে যা বলল জামায়াত

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টিকে (এনসিপি) ১০টি সংসদীয় আসনে ছাড় দিতে রাজি হওয়ার খবরকে সম্পূর্ণ অসত্য ও কাল্পনিক বলে জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। গতকাল বুধবার সকালে রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় জামায়াত আমিরের কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে জামায়াতের নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের এ মন্তব্য করেন। তিনি বলেন, ১১ দলের নির্বাচনি আসন সমঝোতা প্রক্রিয়া শিগগিরই চূড়ান্ত হবে। তবে এনসিপিকে ১০টি আসন দেওয়ার যে দাবি বিভিন্ন মাধ্যমে প্রচার করা হচ্ছে, তা ভিত্তিহীন ও কল্পনাপ্রসূত। ডা. তাহের আরও বলেন, জামায়াত ক্ষমতায় গেলে সব রাজনৈতিক দলের সঙ্গে সমন্বয়ের ভিত্তিতে সরকার গঠন

৩-এর পৃষ্ঠা দেখুন



## ২৯ জানুয়ারি থেকে চালু হচ্ছে ঢাকা-করাচি ফ্লাইট

সূর্যোদয় প্রতিবেদন

এক দশকের বেশি সময় পর আবারও ঢাকা-করাচি-ঢাকা রুটে সরাসরি ফ্লাইট চালু করতে যাচ্ছে বিমান বাংলাদেশ এয়ারলাইনস। আগামী ২৯ জানুয়ারি থেকে এই রুটে ফ্লাইট পরিচালনা শুরু হবে। বুধবার (৭ জানুয়ারি) এক বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেছেন বিমান বাংলাদেশ এয়ারলাইনসের জনসংযোগ বিভাগের মহাব্যবস্থাপক বোসরা ইসলাম। বিজ্ঞপ্তিতে জানানো হয়, প্রাথমিকভাবে সপ্তাহে দুটি ফ্লাইট পরিচালনা করা হবে। ফ্লাইটগুলো প্রতি সপ্তাহে বৃহস্পতিবার ও শনিবার চলাচল করবে। বিমান কর্তৃপক্ষ আশা করছে, নতুন এই রুট চালুর ফলে বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে যাত্রী চলাচল আরও সহজ ও সুবিধাজনক হবে। পাশাপাশি সময় ও ব্যয় কমে আসবে। এর আগে পাকিস্তান সিভিল এভিয়েশন অথরিটি (পিসিএএ) এই রুটে ফ্লাইট

৩-এর পৃষ্ঠা দেখুন

## প্রার্থিতা বাতিলে জামায়াত-এনসিপি জোটে জটিলতা, আসন বণ্টন অনিশ্চয়তায়

সূর্যোদয় প্রতিবেদন

মনোনয়নপত্র বাতিলের ফলে জামায়াতে ইসলামী, জাতীয় নাগরিক পার্টি (এনসিপি), ইসলামী আন্দোলন ও ১১ দলের নির্বাচনী সমঝোতায় আসন বণ্টনে জটিলতা তৈরি হয়েছে। কোন দলের প্রার্থী কোন আসনে শেষ পর্যন্ত নির্বাচন করতে পারবেন–এই অনিশ্চয়তার কারণে আসন বণ্টন অস্থায়ীভাবে আটকে আছে। গতকাল বুধবার দলগুলোর মধ্যে নতুন বৈঠক অনুষ্ঠিত হবে। দলগুলোর নেতারা জানিয়েছেন, নির্বাচনী সমঝোতা ভেঙে যাওয়ার কোনো কারণ নেই। ১১ দলের সূত্র

৩-এর পৃষ্ঠা দেখুন



## বিএনপিতে যোগ দিলেন এনসিপি থেকে পদত্যাগ করা মীর আরশাদুল

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) থেকে সদ্য পদত্যাগ করা নেতা মীর আরশাদুল হক আনুষ্ঠানিকভাবে বিএনপিতে যোগ দিয়েছেন।গতকাল বুধবার দুপুরে বিএনপি চেয়ারপারসনের গুলশান কার্যালয়ে উপস্থিত

৩-এর পৃষ্ঠা দেখুন

## ট্রাম্প-নেতানিয়াহুকে কঠোর হুঁশিয়ারি দিলেন ইরানের সেনাপ্রধান

সূর্যোদয় প্রতিবেদন

ইরানে চলমান সরকারবিরোধী বিক্ষোভের প্রতি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের প্রকাশ্য সমর্থনের পর দেশটির সেনাবাহিনীর প্রধান জেনারেল আমির হাতামি কড়া হুঁশিয়ারি উচ্চারণ করেছেন। তিনি বলেছেন, বিদেশি শক্তির কোনো হুমকি বা হস্তক্ষেপ তেহরান নীরবে মেনে নেবে না। গতকাল বুধবার ইরানের রাষ্ট্রায়ত্ত সংবাদমাধ্যম ফারস নিউজ এ তথ্য জানিয়েছে। জেনারেল আমির হাতামি বলেন, ইরানি জনগণের বিরুদ্ধে শত্রুতামূলক বক্তব্যকে ইসলামি প্রজাতন্ত্র সরাসরি হুমকি হিসেবে বিবেচনা

৩-এর পৃষ্ঠা দেখুন

মেডিসিন বিশেষজ্ঞ

ডাঃ রুহুল আমিন খান

এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
কনসালটেন্ট (মেডিসিন)
নিউরোমেডিসিন ও কার্ডিওলজিতে উচ্চতর প্রশিক্ষণপ্রাপ্ত

রোগী দেখার সময় :
প্রতি সোমবার ওমঙ্গলবার বিকাল ৩টা থেকে রাত ৮টা

সনোল্যাব ও সনো নার্সিং হোম
হাসপাতাল রোড, মেহেরপুর
যোগাযোগ : ০১৭৩০-৪৮৪০৯৮, ০১৭৩০-৪৮৪০৯৯

জামান ক্লথ ষ্টোর

আপনার আস্থার পোশাকের বিশ্বস্ত ঠিকানা
✦ সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ ✦

জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক।
সালোয়ার কামিজ থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি–
সবকিছুরই বিশাল কালেকশন।
ঈদ, পূজা, বিয়ে কিংবা যেকোনো উৎসবে থাকছে
বিশেষ আকর্ষণীয় কালেকশন।
ন্যায্য দমে গুণগত মানেই আমাদের পরিচয়
একবার আসুন, দেখুন– পার্থক্য নিজেই বুঝবেন।

প্রধানসড়ক, বড়বাজার মেহেরপুর
☏: ০১৭১৮৫৫২৭৮৪, ০১৬৭০৯৮০০৪৪

ইনফো

## স্মার্টফোন স্লো? প্রতিদিন রিস্টার্টই হতে পারে সহজ সমাধান

অনেকেই স্মার্টফোনের গতি বাড়াতে নানা অ্যাপ ইনস্টল করেন বা জটিল সেটিংস পরিবর্তন করেন। অথচ একটি সহজ অভ্যাস–প্রতিদিন অন্তত একবার ফোন রিস্টার্ট করা–ডিভাইসকে রাখতে পারে দ্রুতগতির ও কার্যকর। আশ্চর্যের বিষয় হলো, এই অভ্যাসটি বেশিরভাগ ব্যবহারকারীই নিয়মিত করেন না। বিশেষজ্ঞদের মতে, রিস্টার্ট করলে শুধু ফোনের গতি বাড়ে না, বরং ব্যাটারির কর্মক্ষমতাও অনেকাংশে ভালো থাকে। কারণ স্মার্টফোন দিন-রাত চালু থাকায় এর র?্যাম সব সময় ব্যস্ত থাকে, যা ধীরে ধীরে ডিভাইসকে স্লো করে দেয়। স্মার্টফোনে একসঙ্গে অনেক অ্যাপ ব্যাকগ্রাউন্ডে চালু থাকে। এর ফলে অপ্রয়োজনীয় প্রক্রিয়া র?্যাম দখল করে নেয় এবং ফোন ধীর হয়ে পড়ে। রিস্টার্ট দিলে এই অযাচিত প্রক্রিয়াগুলো বন্ধ হয়, র?্যাম



হালকা হয় এবং ডিভাইস নতুন করে কাজ শুরু করে। শুধু রিস্টার্ট নয়, কিছু সময়ের জন্য ফোন পুরোপুরি বন্ধ রাখাও উপকারী। এতে অপারেটিং সিস্টেম সম্পূর্ণভাবে রিবুট হয়। ডিভাইসের র?্যামের সক্ষমতার চেয়ে বেশি অ্যাপ ইনস্টল করা

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

সাবেক মেয়র মোতাছিমবিল্লাহ মতু'র বাসা, কাঁসাড়িপাড়া, মেহেরপুর।
মোবা : ০১৩০৬-৯২৫৬২৫, মাকেটিং : ০১৭১৩-৯১২৫৫১, ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রুগী দেখছেন

শিশুরোগ,শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ :- ডাঃ এম. র.মালিক
এমবিবিএস(আয়ার ল্যান্ড),এমএসসি(পুষ্টি) ডিসিএম, সিসিড, এএসসি(সাইকো) এমপিএইচ, আইপিপিএস(অষ্ট্রেলিয়া), সিসিডি, পিজিপিএন বোস্টন ইউনিভারসিটি (আমেরিকা), এফআর এস এম (লন্ডন), এফআরএসএইচ(লন্ডন),এমএমএস (ভিয়েনা) সিপেড, বিসিএস (স্বাস্থ), ফেলেঅ রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রোলিয়া এসোসিয়েট প্রফেসার ও বিভাগীয় প্রধান (এক্স) নির্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল।
রুগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

ডাঃ কানিজ নাঈমা:- নবজাতক,শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),ডিসিএইচ(শিশু),জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল,মেহেরপুর।
রুগী দেখেন : প্রতিদিন দুপুর ২ টা-৩টা (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রী রোগ , সার্জন ও সনোলজিস্ট:- ডা.রুমানা হেলালী (জুসি)
এমবিবিএস(ঢাকা),বিসিএস(এফপি),ডিএমইউ.ই ও সি(অবস এন্ড গাইনী, মেডিকেল অফিসার , মা ও শিশু কল্যাণ কেন্দ্র মেহেরপুর। গাংনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী,প্রসূতী, কিশোরী ও শিশু রোগের চিকিৎসক

ডা: মুতাকী বিল্লাহ শাফিন
আবাসিক মেডিকেল অফিসার
মায়ের হাসি ক্লিনিক

ডাঃএস.এম. আরাফাত রহমান আকাশ
এমবিবিএস(ডিইউ).সিসিডি(বার্ডেম),পিজিটি (মেডিসিন)সিএনইউ(আল্ট্রা),এইচ.এম.ও
রুগী দেখেন : প্রতি শুক্র ও শনিবার সকাল ১০- রাত্রি ৮টা

পরীক্ষাসমুহ : ইসিজি(কম্পিউটারাইজড),এক্স-রে, আল্ট্রাসনোগ্রাফি, হরমন এনালাইসিস,সকল প্রকার প্যাথলজি পরীক্ষা,মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলেভারি, সিজারিয়ান ও সবধরনের অপারেশন, আধুনিক যন্ত্র পাতি ও যন্তবান সেবা।

হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ



এমবিবিএস,(ডিইউ),বিসিএস (স্বাস্থ্য.)
ডি-কার্ড কার্ডিওলজি এফ.সি.পি.এস,
(মেডিসিন),সি.সি.ডি(বারডেম),এক্স রেসিডেন্ট
কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল
কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার
জেনারেল হাসপাতাল, মেহেরপুর

ডা: মো: শাহিনুর রশিদ

চিকিৎসা সেবা সমূহ
হৃদরোগ, (হার্টের সমস্যা,হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর,হৃদরোগ জনিত শ্বসকষ্ট বুক ধড় পড় করা, হার্টের ভাল্বের সমস্যা, জন্মগত হার্টের ছিদ্র,এজমা ও শ্বাসকষ্ট-বক্ষব্যধি,ডায়াবেটিস,ব্যাথব্যাথা,বাতজ্বর,কিডনী রোগ,প্রেসার(উচ্চ রক্তচাপ) রক্তে কলেষ্টের বৃদ্ধি, লিভার ও পরিপাকতন্তেদ্রর রোগ, জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রুগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন
শনি থেকে বুধ বার বিকাল ৩ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

রাবেয়া মেডিকেল সার্ভিসেস
হাসপাতাল গেট,মেহেরপুর।
সিরিয়াল : 01754-974466, 01724-773138,

দিন-রাত মানবিক সেবার লক্ষে

--কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব --

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)
কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮
স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-

মডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. স.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা

ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন - ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা

নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ, স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা

গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অবৃস এন্ড গাইনী) সি. এম. ইউ (আল্ট্রাসনোগ্রাফি)।
রোগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা

--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --
হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।

ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) | ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। | ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## সুস্থতার সহজ পথ: কঠোর ডায়েট

(শেষ পৃষ্ঠার পর)
ধীরে ধীরে খাবার খাওয়া–হজম ভালো করে এবং অযথা বেশি খাওয়া কমায়। খাবারের সময় মোবাইল ফোন বা টেলিভিশন এড়িয়ে চলার অভ্যাস গড়ে তুলুন। পাশাপাশি বাইরের খাবারের চেয়ে বাড়িতে রান্না করা খাবারে অভ্যস্ত হলে তেল ও লবণের পরিমাণ নিয়ন্ত্রণে রাখা সহজ হয়। পেট ভরে খাওয়ার বদলে পরিমিত পরিমাণে খাওয়াই সুস্থ থাকার একটি কার্যকর কৌশল। রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে প্রতিদিনের খাদ্যতালিকায় বিভিন্ন রঙের ফল ও সবজি রাখুন। মৌসুমি ও স্থানীয় খাবারে পুষ্টিগুণ বেশি থাকে এবং এগুলো শরীরের চাহিদার সঙ্গে সহজেই মানিয়ে নেয়। সবশেষে মনে রাখা জরুরি–ধারাবাহিকতাই সাফল্যের চাবিকাঠি। সাম্প্রতিক সময়ে আলোচিত 'ইন্টারমিটেন্ট ফাস্টিং' বা সবিরাম উপবাস সবার জন্য উপযোগী নয়। পুষ্টিবিদদের মতে, অতিরিক্ত কড়াকড়ি খাদ্যাভ্যাস হাড় ও মেটাবলিজমের ওপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে। তাই সুস্থ জীবনধারার জন্য ভারসাম্যপূর্ণ খাবার ও সচেতন অভ্যাসই হোক আমাদের দৈনন্দিন সঙ্গী।

## কুষ্টিয়ায় দিবালোকে হত্যাচেষ্টা

(শেষ পৃষ্ঠার পর)
জানিয়েছেন, পূর্বশত্রুতার জেরে হত্যার চেষ্টা করা হয়েছে। পুলিশ ঘটনার প্রকৃত কারণ খতিয়ে আইনগত ব্যবস্থা গ্রহণ করছে। হাসপাতালে আবাসিক চিকিৎসক ডা. হোসেন ইমাম জানান, আহতের অবস্থা আশঙ্কাজনক এবং তাকে নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়েছে।

## ৩৫ জেলায় ছড়িয়েছে নিপাহ ভাইরাস

(শেষ পৃষ্ঠার পর)
আরও ভয়াবহ করে তুলছে। আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ (আইসিডিডিআরবি)-এর সংক্রামক রোগ বিভাগের সহযোগী বিজ্ঞানী এবং নিপাহ ভাইরাস জরিপ সমন্বয়কারী ডা. সৈয়দ মঈনুদ্দিন সাত্তার জানান, বর্তমানে দেশের ৬৪ জেলার মধ্যে ৩৫ জেলায় নিপাহ ভাইরাসের সংক্রমণের তথ্য পাওয়া গেছে। এর মধ্যে ফরিদপুর, রাজবাড়ী, নওগাঁ ও লালমনিরহাট জেলায় সংক্রমণ ও মৃত্যুহার তুলনামূলকভাবে বেশি। তিনি বলেন, ঝুঁকিপূর্ণ জেলাগুলোতে নজরদারি জোরদার করা হয়েছে এবং সংশ্লিষ্ট হাসপাতালগুলোকে যেকোনো পরিস্থিতি মোকাবিলায় প্রস্তুত থাকার নির্দেশনা দেওয়া হয়েছে। সভায় নিপাহ ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে জনসচেতনতার ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়। বক্তারা বলেন, এ ক্ষেত্রে গণমাধ্যমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কাঁচা খেজুরের রস পান না করা এবং স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে জনমত তৈরির লক্ষ্যে প্রতি বছরের মতো এবারও এই মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক নাজমুল হোসেন।

## 'এবারের নির্বাচনটা হবে লাইনচ্যুত

(শেষ পৃষ্ঠার পর)
আনার মতো। ন্যূনতম রিপেয়ার করে, কিছু যন্ত্রাংশ বদলে অন্তত গতি দেওয়ার চেষ্টা করা হচ্ছে। যদি আমরা এতে সফল হই, সেটাকেই আমরা প্রথম বড় সাফল্য হিসেবে গণ্য করতে পারি।" নির্বাচন পর্যবেক্ষকদের ভূমিকা সম্পর্কে তিনি বলেন, পর্যবেক্ষকরা নির্বাচন কমিশনের তৃতীয় নয়ন। তাদের পর্যবেক্ষণ যেন মানসম্মত হয় এবং মৌলিক নীতিমালার কোনো ব্যত্যয় না ঘটে–এ বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। নীতিমালার আওতায় থেকে পর্যবেক্ষকদের সর্বাত্মক সহযোগিতা দেওয়া হবে বলেও জানান তিনি। অনুষ্ঠানে ইসি সানাউল্লাহ জানান, আগামী ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিতব্য নির্বাচন অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য করতে নির্বাচন কমিশন সব ধরনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ডেমোক্রেসি ওয়াচের চেয়ারপারসন তালেয়া রহমান, খান ফাউন্ডেশনের কো-চেয়ার রোকসানা খন্দকারসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার প্রতিনিধিরা।

## তফশিলের বৈধতা নিয়ে রিট শুনানি

(শেষ পৃষ্ঠার পর)
আয়োজনসংক্রান্ত তফশিলের বিজ্ঞপ্তির কার্যকারিতা স্থগিত চাওয়া হয়। পাশাপাশি তত্ত্বাবধায়ক সরকার গঠন করে নতুন করে নির্বাচনের তফশিল ঘোষণার নির্দেশনা প্রার্থনা করা হয়। রিট আবেদনে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি)সহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিবাদী করা হয়েছে। আইনজীবী ইউনুছ আলী আকন্দ তার যুক্তিতে বলেন, সংবিধানে 'অন্তর্বর্তীকালীন সরকার' নামে কোনো ব্যবস্থার উল্লেখ নেই। ফলে এ ধরনের সরকারের অধীনে নির্বাচন আয়োজন সংবিধানসম্মত নয়। তার মতে, কেবল তত্ত্বাবধায়ক সরকার অথবা নির্বাচিত সরকারের অধীনেই সুষ্ঠু ও বৈধ নির্বাচন অনুষ্ঠিত হতে পারে।

## ২৯ জানুয়ারি থেকে চালু হচ্ছে ঢাকা-

(শেষ পৃষ্ঠার পর)
পরিচালনা এবং নির্ধারিত আকাশপথ ব্যবহারের অনুমোদন দেয়। বর্তমানে বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে যাতায়াতকারী যাত্রীরা মূলত দুবাই, দোহা কিংবা মধ্যপ্রাচ্যের অন্যান্য ট্রানজিট হাব ব্যবহার করে ভ্রমণ করছেন। সরাসরি ফ্লাইট চালু হলে যাত্রীরা যেমন ভোগান্তি থেকে মুক্তি পাবেন, তেমনি দুই দেশের মানুষের মধ্যে যোগাযোগ বাড়বে এবং বাণিজ্যিক সম্পর্ক আরও জোরদার হবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। জানা গেছে, দীর্ঘ কয়েক মাস ধরে পাকিস্তানি কর্তৃপক্ষের সঙ্গে এ বিষয়ে আলোচনা চলছিল। সব প্রস্তুতি সম্পন্ন হওয়ায় ২০১২ সালের পর প্রথমবারের মতো ঢাকা ও করাচির মধ্যে সরাসরি ফ্লাইট চালু হতে যাচ্ছে। সাম্প্রতিক সময়ে কূটনৈতিক যোগাযোগ ও সহযোগিতা-সংক্রান্ত আলোচনার মাধ্যমে বাংলাদেশ ও পাকিস্তানের দ্বিপক্ষীয় সম্পর্কে ইতিবাচক অগ্রগতি লক্ষ করা যাচ্ছে। এই প্রেক্ষাপটেই সরাসরি ফ্লাইট চালুর সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। ফ্লাইটের সময়সূচিঃ ঢাকা থেকে ছাড়বে: স্থানীয় সময় রাত ৮টা, করাচি পৌঁছাবে: স্থানীয় সময় রাত ১১টা। করাচি থেকে ছাড়বে: স্থানীয় সময় রাত ১২টা, ঢাকায় পৌঁছাবে: স্থানীয় সময় ভোর ৪টা ২০ মিনিট।

## এনসিপিকে ১০টি আসন দেওয়ার

(শেষ পৃষ্ঠার পর)
করা হবে। সংবাদ সম্মেলনের আগে সকালে জামায়াত আমিরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ইউরোপীয় এক্সটার্নাল অ্যাকশন সার্ভিসের (ইইএএস) এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় বিভাগের পরিচালক পাওলা পাম্পালোনি। ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে বৈঠক প্রসঙ্গে ডা. তাহের বলেন, ইউরোপীয় ইউনিয়ন জানিয়েছে তারা আসন্ন নির্বাচনে সর্বোচ্চ সংখ্যক পর্যবেক্ষক পাঠাবে। জামায়াত এ উদ্যোগকে স্বাগত জানিয়েছে বলেও তিনি উল্লেখ করেন।

## স্মার্টফোন স্লো? প্রতিদিন রিস্টার্টই

(শেষ পৃষ্ঠার পর)
হলে ফোন আরও ধীর হয়ে যায়। তাই প্রয়োজন নেই–এমন অ্যাপ নিয়মিত মুছে ফেলা জরুরি। নিয়মিত সিস্টেম আপডেট না করলে ফোনের পারফরম্যান্সে নেতিবাচক প্রভাব পড়ে। সাধারণত ডিভাইসের সেটিংস থেকে 'অ্যাবাউট ফোন' বা 'সিস্টেম' অপশনে গেলে আপডেটের তথ্য পাওয়া যায়। নতুন আপডেট ফোনকে আরও নিরাপদ ও দ্রুত করে। ডিভাইসে ইনস্টল থাকা অনেক অ্যাপ ব্যবহার না করলেও ব্যাকগ্রাউন্ডে ক্যাশ ডেটা তৈরি করে। এতে মেমোরি ভারী হয়ে পড়ে এবং র?্যামের ওপর বাড়তি চাপ সৃষ্টি হয়। নিয়মিত বা সম্ভব হলে প্রতিদিন অ্যাপগুলোর ক্যাশ ক্লিয়ার করলে ফোনের সামগ্রিক গতি বজায় থাকে। সংক্ষেপে বললে, স্মার্টফোনের যত্ন নিতে জটিল কিছু করার প্রয়োজন নেই। নিয়মিত রিস্টার্ট, অপ্রয়োজনীয় অ্যাপ মুছে ফেলা, সিস্টেম আপডেট রাখা এবং ক্যাশ ক্লিয়ার–এই ছোট অভ্যাসগুলোই ফোনকে দীর্ঘদিন দ্রুত ও কার্যকর রাখতে যথেষ্ট।

## প্রার্থিতা বাতিলে জামায়াত-এনসিপি

(শেষ পৃষ্ঠার পর)
জানিয়েছে, জামায়াত এনসিপিকে ৩০টি, মামুনুল হকের নেতৃত্বাধীন বাংলাদেশ খেলাফত মজলিসকে ১৩টি, খেলাফত মজলিসের অপরাংশ ও এলডিপিকে ছয়টি করে, এবি পার্টি ও খেলাফত আন্দোলনকে তিনটি করে, নেজামে ইসলামকে দুটি, জাগপা ও বিডিপিকে একটি করে মোট ৬৫টি আসন ছেড়ে দিতে সম্মত হয়েছিল। প্রথম দফায় ইসলামী আন্দোলনকে ৩১টি আসন ছাড়ার প্রস্তাব ছিল। তবে মনোনয়নপত্র বাতিলের কারণে এই পরিকল্পনা এলোমেলো হয়ে গেছে। উদাহরণস্বরূপ, কুড়িগ্রাম-৩, যশোর-২, ঢাকা-২ ও কক্সবাজার-২ আসনে জামায়াতের প্রার্থীদের মনোনয়নপত্র বাতিল হয়েছে। ২৭৬ আসনে প্রার্থী দেওয়া জামায়াতের ৯ জন, ইসলামী আন্দোলনের ৩৯টি ও এনসিপির তিনটি মনোনয়নপত্র বাছাইয়ে গ্রহণ হয়নি। বাংলাদেশ খেলাফতের ১১টি আসনও বাছাইয়ে টেকেনি। মনোনয়নপত্র বাতিলের জটিলতায় নতুন আলোচনার প্রয়োজন দেখা দিয়েছে। যেমন মুন্সীগঞ্জ-৩ আসনে খেলাফতের প্রার্থী নুর হোসাইন নুরানী বাদ পড়ায়, জামায়াত, ইসলামী আন্দোলন ও খেলাফত মজলিসের মধ্যে কোন দল ওই আসনে নির্বাচন করবে তা অনিশ্চিত। একইভাবে ভোলা-৪ ও সিলেট-১ সহ কিছু আসনের মনোনয়নপত্র বাতিল হওয়ার কারণে আসন বণ্টন অস্থির হয়ে উঠেছে। নতুন আলোচনায় জামায়াত বলেছে, ছেড়ে দেওয়া আসনের কোনো আসনে আপিল প্রার্থীর মনোনয়নপত্র বৈধ হলে অন্য আসন দিতে হবে। তারা এমন আসন চাচ্ছে যা পূর্বের আলোচনায় জামায়াতের ভাগে ছিল। ইসলামী আন্দোলন এই বিনিময়ে রাজি নয়। ১১ দলের সমন্বয়ক ও জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ বলেন, "কক্সবাজার-২-এর মতো কয়েকটি মনোনয়নপত্র বাতিল হয়েছে। আশা করি, নির্বাচন কমিশন প্রতিকার করবে। আসন বণ্টন চূড়ান্ত হওয়ার পথে।" ইসলামী আন্দোলনের মহাসচিব ইউনুস আহমেদ জানান, "দলীয় প্রার্থীদের কোথায় কার মনোনয়ন বাতিল হয়েছে তা দেখার পরই সমঝোতা সম্পন্ন হবে। আপিল পর্যন্ত অপেক্ষা করতে হবে, কিন্তু প্রার্থীরা মাঠে আছেন। তাই বিলম্ব হলেও নির্বাচনে কোনো অসুবিধা হবে না।"

## ইরানের সেনাপ্রধান

(শেষ পৃষ্ঠার পর)
করে। এ ধরনের বক্তব্য সহ্য করা হবে না এবং এর জবাব কঠোরভাবে দেওয়া হবে। তিনি সতর্ক করে বলেন, শত্রুপক্ষ কোনো ভুল পদক্ষেপ নিলে ইরানের প্রতিক্রিয়া গত জুনে ইসরায়েলের সঙ্গে সংঘটিত ১২ দিনের যুদ্ধের চেয়েও কঠোর হবে। সম্প্রতি ইরানে সরকারবিরোধী আন্দোলন জোরালো হয়ে ওঠায় মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প একাধিকবার দেশটির শাসকগোষ্ঠীর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার হুমকি দিয়েছেন। তিনি বলেছেন, বিক্ষোভকারীরা নিহত হলে যুক্তরাষ্ট্র হস্তক্ষেপ করতে পারে। একই সুরে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুও ইরানের বিক্ষোভকারীদের প্রতি সমর্থন প্রকাশ করেছেন। গত ২৮ ডিসেম্বর তেহরানে ব্যবসায়ীরা তীব্র মূল্যস্ফীতি ও রিয়ালের দরপতনের প্রতিবাদে বিক্ষোভ শুরু করেন। পরে তা দ্রুত অন্যান্য শহরেও ছড়িয়ে পড়ে। এসব বিক্ষোভে আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে সংঘর্ষে এখন পর্যন্ত অন্তত ৩৬ জন নিহত হয়েছেন বলে জানা গেছে। তবে এই আন্দোলন ২০২২-২০২৩ সালের বিক্ষোভ কিংবা ২০০৯ সালের বিতর্কিত নির্বাচনের পর সৃষ্ট গণআন্দোলনের মতো ব্যাপক রূপ নেয়নি। তবুও অর্থনৈতিক সংকট থেকে জন্ম নেওয়া এই বিক্ষোভ আন্তর্জাতিক অঙ্গনে ব্যাপক মনোযোগ কেড়েছে। বিশেষ করে ইরানের প্রতিদ্বন্দ্বী দেশগুলোর নেতারা প্রকাশ্যে বিক্ষোভকারীদের প্রতি সমর্থন জানাচ্ছেন। রোববার সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় ডোনাল্ড ট্রাম্প বলেন, যুক্তরাষ্ট্র ইরানের পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। অতীতে যেভাবে মানুষ হত্যা করা হয়েছে, যদি তা আবার ঘটে, তাহলে যুক্তরাষ্ট্র কঠোর প্রতিক্রিয়া জানাবে বলেও তিনি সতর্ক করেন। অন্যদিকে, ইসরায়েলের মন্ত্রিসভার বৈঠকে নেতানিয়াহু বলেন, স্বাধীনতা, মুক্তি ও ন্যায়বিচারের জন্য ইরানি জনগণের সংগ্রামের প্রতি ইসরায়েল সংহতি প্রকাশ করছে। এর প্রতিক্রিয়ায় ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় ট্রাম্প ও নেতানিয়াহুর বিরুদ্ধে সহিংসতায় উসকানি দেওয়া এবং জাতীয় ঐক্য ক্ষুণ্ন করার অভিযোগ তোলে।

## বিএনপিতে যোগ দিলেন এনসিপি

(শেষ পৃষ্ঠার পর)
হয়ে তিনি বিএনপিতে যোগদান করেন। দুপুর ২টার দিকে গুলশান কার্যালয়ে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেন মীর আরশাদুল হক। এরপর বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের হাতে দলের প্রাথমিক সদস্যপদ গ্রহণ করেন তিনি। বিএনপিতে যোগ দেওয়ার বিষয়টি বুধবার দুপুরেই গণমাধ্যমকে নিশ্চিত করেন মীর আরশাদুল হক। এর আগে গত ২৫ ডিসেম্বর সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে এক দীর্ঘ স্ট্যাটাসে জাতীয় নাগরিক পার্টির কেন্দ্রীয় যুগ্ম সদস্যসচিব পদ থেকে পদত্যাগের ঘোষণা দেন তিনি। এনসিপিতে থাকাকালে তিনি দলটির নির্বাহী কাউন্সিলের সদস্য ছিলেন। পাশাপাশি মিডিয়া সেল ও শৃঙ্খলা কমিটির সদস্য, পরিবেশ সেলের প্রধান এবং চট্টগ্রাম মহানগরের প্রধান সমন্বয়কারী হিসেবেও দায়িত্ব পালন করেন। এছাড়া আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে চট্টগ্রাম-১৬ (বাঁশখালী) আসনে এনসিপির মনোনয়নও পেয়েছিলেন মীর আরশাদুল হক। পদত্যাগের ঘোষণার দিন ফেসবুক স্ট্যাটাসে তিনি দীর্ঘ ১৭ বছর পর দেশে ফেরার প্রেক্ষাপটে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে স্বাগত জানান, যা রাজনৈতিক অঙ্গনে আলোচনার জন্ম দেয়। বিএনপিতে তার যোগদানকে চলমান রাজনৈতিক প্রেক্ষাপটে একটি উল্লেখযোগ্য ঘটনা হিসেবে দেখছেন রাজনৈতিক বিশ্লেষকরা।

জনসাধারণের এক বিশ্বস্ত স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান
নিউ মাহি ক্লিনিক অ্যান্ড ডায়াগনস্টিক সেন্টার
বামুন্দি বাসস্ট্যান্ড
তেলপাম্পের ঠিক পশ্চিমে পশুহাট রোড প্রাইমারি স্কুল সংলগ্ন
মোবাইল : ০১৭৩০-৯৯৯৯১২
চিকিৎসাসেবা * আধুনিক ডায়াগনস্টিক সুবিধা * অভিজ্ঞ চিকিৎসকদল
প্রতিদিন নিয়মিত রোগী দেখেন এলাকার অভিজ্ঞ মেডিসিন বিশেষজ্ঞদের একজন-
ডা: মো. সেলিম উদ্দিন
এমবিবিএস,বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন),এমডি(গ্যাস্ট্রোএন্টারোলজি) রেসিডেন্ট কনসালট্যান্ট, মেডিসিন, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
মডিসিন ও পরিপাকতন্ত্রের বিশেষজ্ঞ চিকিৎসা
প্রতিদিন নিয়মিত রোগী দেখেন বিশ্বস্ত নারী ও প্রসূতি বিশেষজ্ঞ
ডা: তাসনিম সুলতানা
এমবিবিএস (রাজ).ডিপ্লোমা ইন মেডিকেল আল্ট্রাসনোগ্রাফি (সিএমইউ). ডিএমইউ (ঢাকা)টিভিএস ও কালার ডপলারে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত. গাইনি ও অবস - স্ত্রী ও প্রসূতি বিশেষজ্ঞ।
গর্ভাবস্থা, প্রসব, গাইনিকোলজি ও আল্ট্রাসনোগ্রাফি সেবা. নারী রোগ ও প্রসূতি বিষয়ে বিশেষজ্ঞ পরামর্শ
২৪ ঘন্টা রোগী দেখছেন---- ডা:মো.নুর হোসেন
এম.বি.বি.এস,পিজিটি (মেডিসিন,চর্ম ও যৌন) সি. এম. ইউ. (আল্ট্রা) এক্স মেডিকেল অফিসার, চট্টগ্রাম মেডিকেল কলেজ এন্ড হসপিটাল। পিজিটি (অর্থোপেডিক সার্জারি)
কেন নিউ মাহি ক্লিনিক বেছে নেবেন
✔নির্ভুল পরীক্ষা-রিপোর্ট ✔ দক্ষ ও আন্তরিক চিকিৎসক দল ✔২৪ ঘন্টা চিকিৎসা সেবা
✔ শান্ত, পরিচ্ছন্ন ও নিরাপদ পরিবেশ ✔ রোগীর প্রতি বিশেষ যত্ন ও দায়িত্বশীলতা।
আপনার সুস্বাস্থ্যই আমাদের প্রথম অগ্রাধিকার,
আজই যোগাযোগ করুন-পান বিশ্বস্ত স্বাস্থ্যসেবা কাছেই!

বিশ্বস্ত ও নির্ভরতায়.....সেই ১৯৮৪ সাল থেকে
প্রতিষ্ঠাতাঃ মরহুম বাবর আলী
মেসার্স আঃ মালেক ষ্টোর
এন্ড মিষ্টান্ন ভান্ডার
ফল, কসমেটিকস্, বেবিফুড, ফাস্টফুড, ফ্রোজেনফুড,বেকারী, জন্মদিনের কেক, মুদি মালামাল, কাঁচা সবজি মিষ্টি ও দই সামগ্রী বিক্রেতা।
পরিচালনায় ঃ মোঃ আব্দুল মালেক
গাংনী বাজার বাসষ্ট্যান্ড, গাংনী, মেহেরপুর

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
ডা: মোসা: নুরুন্নাহার বেগম
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য)
গাইনী ও প্রসূতি চিকিৎসক ও সার্জন
উপ-পরিচালক (অবঃ)
কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডা: বি.ডি দাস (পিকলু)
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য)
সি.এম.ইউ (আল্ট্রাসনো)
গাইনী, মহিলা, গর্ভবতী ও সার্জারী রোগের চিকিৎসক
রোগী দেখার সময়ঃ প্রতিদিন বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত
ডা:নাজনীন সুলতানা কনা
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য), সি.সি.ডি (বারডেম), ডি.এম.ইউ
এ্যানেস্থেসিয়াতে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত
ডি জি ও, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ
রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডা. মো: আব্দুল আল মারুফ
এম.বি.বি.এস (রাজশাহী মেডিকেল কলেজ)
বি.সি.এস (স্বাস্থ্য), এফ.সি.পি.এস (শিশু) শেষ পর্ব
এম.এস (শিশু সার্জারী) কোর্স-বিএসএমএমইউ
সিসিডি (ডায়াবেটিস: বারডেম)
পি.জি.পি.এন (শিশু পুষ্টি বোসটন ইউনিভার্সিটি আমেরিকা)
সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল (শিশু বিভাগ)
রোগী দেখার সময়ঃ প্রতি দিন বিকাল ৪.৩০ টা থেকে ৬ টা পর্যন্ত
ডাঃ অমিত কুমার বিশ্বাস
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ (মিটফোর্ড হাসপাতাল)
রোগী দেখার সময়ঃ প্রতি বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত
ডা: ইসরাত জেরিন
এম.বি.বি.এস, পি.জি.টি (গাইনী এন্ড অবস), সি.এম.ইউ (আল্ট্রা)
মহিলা ও মেডিসিন রোগের চিকিৎসক
আবাসিক মেডিকেল অফিসার
রোগী দেখার সময়ঃ প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা পর্যন্ত
পুষ্টিবিদ: তরিকুল ইসলাম
বি.পি.এইচ (নিউট্রিশন), এম.পি.এইচ (নিউট্রিশন)
সি.এম.ইউ (ডি.ইউ), ডি.এম.ইউ (আল্ট্রা)
ডিপ্লোমা ইন মেডিকেল ফ্যাকালটি
রেজিঃ নং ডি-৭০৮১ (বি.এম এন্ড ডি.সি)
পুষ্টি বিশেষজ্ঞ
রোগী দেখার সময়ঃ প্রতিদিন
সিরিয়ালের জন্য যোগাযোগ করুন:
মোবাইল: ০১৭৬৬-৪৮৭৪০৯
মোবাইলঃ ০১৭৬৮-৩৭৭১৯১
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।

## চীন, রাশিয়া, ইরান ছেড়ে দিতে ভেনেজুয়েলাকে হুঁশিয়ারি দিলেন ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ভেনেজুয়েলার অন্তর্বর্তী প্রেসিডেন্ট ডেলসি রোদ্রিগেজকে হুঁশিয়ারি দিয়েছেন, দেশের তেল উৎপাদনের ওপর নিয়ন্ত্রণ পেতে হলে চীন, রাশিয়া, ইরান ও কিউবার সঙ্গে সম্পর্ক ছিন্ন করতে হবে। মার্কিন সংবাদমাধ্যম এবিসি নিউজ এই তথ্য জানিয়েছে। সূত্রের বরাতে জানানো হয়েছে, ট্রাম্প প্রশাসন ভেনেজুয়েলাকে তেল উৎপাদনে একচেটিয়াভাবে যুক্তরাষ্ট্রের সঙ্গে অংশীদার হতে এবং ভারী ক্রুড তেল বিক্রির ক্ষেত্রে আমেরিকাকে অগ্রাধিকার দিতে চাপ দিচ্ছে। গত সপ্তাহে যুক্তরাষ্ট্রের সামরিক অভিযান চালিয়ে প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে আটক করে দেশের বাইরে নেওয়ার পর রোদ্রিগেজ দায়িত্ব নেন। তবে ট্রাম্প দাবি করেছেন, তিনি ভেনেজুয়েলার রাজনৈতিক নিয়ন্ত্রণ নিজে হাতে করছেন। সূত্র জানিয়েছে, শর্তগুলো মানতে না পারলে ভেনেজুয়েলাকে আর্থিক ও রাজনৈতিকভাবে চাপে রাখা হবে। মার্কিন ধারণা অনুযায়ী, দেশটির তেলের মজুদ সীমিত থাকায়, তেল বিক্রি না করলে ভেনেজুয়েলার অর্থনীতি কয়েক সপ্তাহের মধ্যে দেউলিয়া হয়ে যেতে পারে। সিনেট আর্মড সার্ভিসেস কমিটির চেয়ারম্যান রজার উইকার জানিয়েছেন, মার্কিন পরিকল্পনার মূল লক্ষ্য হলো ভেনেজুয়েলার তেল নিয়ন্ত্রণ করা, এবং এজন্য সেনা মোতায়েনের প্রয়োজন নেই। সরকার জাহাজ ও ট্যাঙ্কারের মাধ্যমে সরাসরি তেল নিয়ন্ত্রণ করবে। ট্রাম্প আরও বলেছেন, ভেনেজুয়েলার অন্তর্বর্তী কর্তৃপক্ষ ৩ কোটি থেকে ৫ কোটি ব্যারেল তেল যুক্তরাষ্ট্রের হাতে হস্তান্তর করবে, যা আন্তর্জাতিক বাজারদরে বিক্রি হবে। তেল বিক্রির অর্থ তিনি নিজেই নিয়ন্ত্রণ করবেন এবং ভেনেজুয়েলার জনগণ ও যুক্তরাষ্ট্রের স্বার্থে ব্যবহার হবে। বিশ্লেষকরা মনে করছেন, এই সিদ্ধান্তের মাধ্যমে যুক্তরাষ্ট্র দক্ষিণ আমেরিকার তেল বাজারে প্রাধান্য বজায় রাখতে চাচ্ছে এবং ভেনেজুয়েলার অর্থনৈতিক ও রাজনৈতিক নিয়ন্ত্রণ নিশ্চিত করতে উদ্যোগ নিয়েছে।

## বাংলাদেশে ভারতীয় আগ্রাসন ও আধিপত্যবাদ রুখে দেওয়ার দাবি অধিকার-এর

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশে ভারতীয় আগ্রাসন ও আধিপত্যবাদ রুখে দেওয়ার দাবি জানিয়েছে মানবাধিকার সংগঠন অধিকার। একই সঙ্গে সীমান্তে ফেলানী হত্যাসহ সব গুম ও খুনের বিচার, ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের হাতে বাংলাদেশি নাগরিক হত্যার অবসান এবং ভারতে পালিয়ে থাকা ক্ষমতাচ্যুত সরকারের নেতাকর্মীদের দেশে ফিরিয়ে এনে আইনের আওতায় আনার আহ্বান জানিয়েছে সংগঠনটি। বুধবার জাতীয় প্রেস ক্লাবের সামনে আয়োজিত এক মানববন্ধনে এসব দাবি তুলে ধরা হয়। 'বাংলাদেশ-ভারত রক্তাক্ত সীমান্ত– ফেলানীসহ বাংলাদেশি নাগরিকদের ভারতীয় বিএসএফ কর্তৃক হত্যা, নির্যাতন, গুম ও পুশইনের বিচার এবং মানবাধিকার লঙ্ঘন বন্ধের দাবি' শীর্ষক এই কর্মসূচিতে মানবাধিকারকর্মী, রাজনৈতিক নেতৃবৃন্দ ও ভুক্তভোগীরা অংশ নেন। মানববন্ধনে অধিকার-এর পরিচালক এস এম নাসির উদ্দিন এলান বলেন, বাংলাদেশি নাগরিকদের গুম ও হত্যার ঘটনায় ভারতীয় কর্তৃপক্ষের পাশাপাশি বাংলাদেশের তৎকালীন আইনশৃঙ্খলা বাহিনীর ভূমিকা প্রশ্নবিদ্ধ। তিনি অভিযোগ করেন, গুমের শিকার একজন ব্যক্তিকে র?্যাব তুলে নিয়ে ভারতে পাঠায় এবং সেখানে তাকে বিচার করে কারাগারে রাখা হয়। এটিকে তিনি 'দ্বৈত শাসনের ভয়াবহ দৃষ্টান্ত' হিসেবে উল্লেখ করেন।

SENBG
সাদিক E-বাইক গ্যালারী
মনা জুয়েলার্স এর অঙ্গ প্রতিষ্ঠান

এখানে চার্জার বাইক, বাচ্চাদের চার্জার গাড়ি সহ সকল প্রকার চার্জার বাইকের এক্সেরিজ পাওয়া যায়।
01404-297165
প্রধান সড়ক, কাঁশারী বাজার, মেহেরপুর

বিসমিল্লাহ্ ফার্মেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু

সকল প্রকার দেশী-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা।
ট্রাফিকমোড়, হোটেল বাজার মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্র্যাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা

ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

## রাজকীয় সাজে মেহজাবীন চৌধুরী

বিনোদন ডেস্ক

জনপ্রিয় অভিনেত্রী মেহজাবীন চৌধুরী। ছোট পর্দা জয় করে যিনি এখন ব্যস্ত বড় পর্দায়। নিজের অভিনয় দক্ষতা দিয়ে দর্শকদের মনে জায়গা করে নিয়েছেন। অভিনয়ের পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যমেও বেশ সরব।

পাশাপাশি মেহজাবীনের স্টাইল স্টেটমেন্টও সবসময়ই চর্চার কেন্দ্রবিন্দুতে থাকে। সামাজিক যোগাযোগ মাধ্যমে তার সরব উপস্থিতি ভক্তদের জন্য নিয়মিত নতুন চমক নিয়ে আসে। সম্প্রতি এই তারকা অভিনেত্রী হাজির হয়েছেন একেবারেই রাজকীয় লুকে।

গোল্ডেন বেনারসি সিল্ক শাড়িতে তার আভিজাত্যমাখা লুক সামাজিক মাধ্যমে রীতিমতো ঝড় তুলেছে। ফটোশুটের একগুচ্ছ ছবি শেয়ার করে মেহজাবীন ক্যাপশনে ছোট করে লিখেছেন, 'একটি বিয়ে খেতে যাই।' শেয়ার করা ছবিতে দেখা যায়, আভিজাত্যের সঙ্গে আধুনিক স্টাইলিংয়ের এক দারুণ সমন্বয় ঘটিয়েছেন তিনি। সোনালি শাড়ির কারুকাজ আর মেহজাবীনের মায়াবী চোখের চাহনি যেন একে অপরের পরিপূরক হয়ে উঠেছে।



তার মিষ্টি হাসিতে মুগ্ধ হয়েছেন সাধারণ নেটিজেনরা। প্রিয় অভিনেত্রীর এমন স্নিগ্ধ রূপ দেখে ভক্তদের প্রশংসার জোয়ার বইছে কমেন্ট বক্সে। একজন নেটিজেন মন্তব্য করেছেন, 'অপূর্ব, সবসময় সুখে থেকো।' অন্য একজন লিখেছেন, 'মাশাল্লাহ, আপনাকে খুব সুন্দর লাগছে।

নিউ এভারকেয়ার নার্সিং হোম
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
NEW EVERCARE NURSING HOME
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুষ্প)
এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান
এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী), কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার
জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
ডা. মোঃ সউদ কবীর
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস
এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া, এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি. ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
**আমাদের সেবাসমূহ**
✅ প্রাইভেট ও সাধারণ রোগী সেবা. ✅ প্রসূতি ও নারী স্বাস্থ্য,
✅ সার্জারি ও সাধারণ চিকিৎসা ✅ উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

রাবেয়া মেডিকেল সার্ভিসেস
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
যোগাযোগ : রিসিপশন: ০১৭৫৪৯৭৪৪৬৬ সিরিয়াল: ০১৭২৪-৭৮৭৩১৩,
মার্কেটিং অফিসার: ০১৩০৪-১০০৩০৭, ০১৩০৪-১০০৩০
ডাঃ মোঃ আলাউদ্দিন আল-আজাদ
এমবিবিএস, ডি-অর্থো (সার্জারী) কনসালটেন্ট অর্থোপেডিক, হাড় জোড়া, ব্যাত ব্যাথা, শিরায়োগ বিশেষজ্ঞ। শনিবার থেকে বৃহস্পতিবার বিকেল ৪ টা থেকে সন্ধ্যা ৬.৩০ পর্যন্ত।
ডাঃ বিপুল কুমার বিশ্বাস
সহকারী অধ্যাপক এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস) সহকারী অধ্যাপক-গাইনী বিভাগ। বিকাল ৪ টা -৮টা পর্যন্ত, শুক্রবার সকাল ৮টা-২টা
ডাঃ মোঃ ইয়ানুর হোসেন
এমবিবিএস, (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি) কনসালটেন্ট মেডিসিন বিভাগ, এন্ডভান্সড ট্রেনিং ইন ইকো-কার্ডিওগ্রাফী (ইন্ডিয়া) বৃহস্পতিবার বিকাল ৩টা -৮টা শুক্রবার সকাল ৮টা-৮টা।
ডাঃ মোঃ আবুল কাশেম
এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস (ইএনটি), ডিএসএ (বিএসএমএমইউ)-এন্ড্-পিজিটি কনসালটেন্ট (ইএনটি), ফলোশীপ ইন মাইক্রোইয়ার সার্জারী (চেন্নাই, ইন্ডিয়া)। বৃহস্পতিবার বিকাল ৩টা- ৮টা ও শুক্রবার সকাল ৮টা -রাত ৮টা।
ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির)
সহকারী অধ্যাপক এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস(চক্ষু), ডিএলও (বিএসএমএমইউ)-এন্ড্-পিজি হাসপাতাল। প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে দুপুর ১ টা।
ডাঃ মোঃ রোকনুজ্জামান
এমবিবিএস(রাজশাহী), এফসিপিএস-শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সি.সি.ডি.পি (ঢাকা মেডিকেল কলেজ) চর্ম, যৌন, এলার্জি ও সেক্স বিশেষজ্ঞ। প্রতি বৃহস্পতিবার সকাল ৮টা - ১১টা।
ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব)
সহকারী অধ্যাপক এমবিবিএস(ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এমএস (শিশু সার্জারী), সহকারী অধ্যাপক প্রতিদিন বিকাল ৪ টা - ৮টা। শুক্রবার সকাল ৮টা - ৮টা
ডাঃ এম এম কবির শাওন
এমবিবিএস, ডি.এল.পি (এ্যাজমা), ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) এ্যাজমা বিশেষজ্ঞ ও সনোলজিস্ট। প্রতিদিন সকাল ১০ টা -দুপুর ২টা। বিকাল ৪ টা -রাত ৮ টা।
ডাঃ মোঃ আরিফুল ইসলাম
সহকারী অধ্যাপক এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস সার্জারী) কনসালটেন্ট (সার্জারী), এন্ড ল্যাপারো স্কি সার্জন। মাসের প্রথম সমবার দুপুর ২টা - ৫টা পর্যন্ত।
ডাঃ মাহবুবা তাজমিলা
এমবিবিএস(ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (শিশু), কনসালটেন্ট (শিশু)। প্রতি শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০ টা - বিকাল ৫টা
ডাঃ মেহেদী হাসান জনি
এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য) এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বা), এমএস (ইউরোলজী) পিজিটি (সার্জারী) প্রতি শুক্রবার সকাল ৯ টা -দুপুর ১ টা।
ডাঃ মোঃ সফিউল আলম
এমবিবিএস, এফসিপিএস(সার্জারী) সহকারী অধ্যাপক (জেনারেল সার্জারী), ল্যাপারোস্কপিক। শুক্রবার সকাল ৯ টা থেকে বিকেল ৫টা।

নিউ স্কয়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর
সিরিয়ালের জন্য: ০১৮৫৮-৯৫৬৯৩৩
আপনার স্বাস্থ্যসেবায় অভিজ্ঞ চিকিৎসকবৃন্দ
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো, বক্ষব্যাধি, ডায়াবেটিস,গ্যাস্টলিভার, বাতব্যাথা ও মনোরোগ বিশেষজ্ঞ।
এমবিবিএস (আরইউ), ডিএফএম (বিসিএমইউ), ফসিপিএস পার্ট–১, পিজিটি (মেডিসিন), সিসিডি (বারডেম)।
রুগী দেখেন: প্রতি শুক্রবার সকাল ৯ টা- সন্ধ্যা ৬ টা
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, ডায়াবেটিস, লিভার ও জন্ডিস রোগ বিশেষজ্ঞ।
এমবিবিএস (ঢাকা), সিসিড (বারডেম), সিএমইউ (আল্ট্রা)।
রোগী দেখেন: প্রতিদিন সকাল ১০টা–২টা বিকাল ৩টা–৮টা
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ বিশেষজ্ঞ,এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)।
রোগী দেখেন: প্রতিদিন বিকাল ৩টা – রাত ৮টা
ডাঃ মোঃ মঞ্জুরুল হাসান
মেডিসিন, বাত, মাথাব্যাথা, বক্ষব্যাধি, হাত-পা জ্বালাপোড়া, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ।
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), মেডিকেল অফিসার।
রোগী দেখেন: প্রতিদিন বিকাল ৩টা – রাত ৮টা
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ্বর, উচ্চ রক্তচাপ ও বাতব্যাথা রোগ বিশেষজ্ঞ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), মেডিকেল অফিসার
রোগী দেখেন: প্রতিদিন বিকাল ৩টা – রাত ৮টা

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, বৃহস্পতিবার, ৮ জানুয়ারি ২০২৬ ইং

## তীব্র শীতে শিক্ষার্থীর স্বাস্থ্য নাকি নিয়মের কঠোরতা?

হিমেল হাওয়া ও ঘন কুয়াশায় সীমান্তবর্তী জেলা মেহেরপুরসহ দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জনজীবন কার্যত বিপর্যস্ত। চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসে ৭ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড হওয়ার ঘটনা স্পষ্ট করে দিচ্ছে–এ শীত কেবল মৌসুমি নয়, এটি ঝুঁকিপূর্ণও। সবচেয়ে বেশি বিপাকে পড়েছে খেটে-খাওয়া মানুষ ও স্কুলগামী শিশুরা। শীতের কামড়ে কাঁপতে কাঁপতে স্কুলে পৌঁছানো, শ্রেণিকক্ষে আগুন পোহানোর দৃশ্য আমাদের শিক্ষাব্যবস্থার বাস্তব চিত্রকে নতুন করে প্রশ্নের মুখে ফেলছে। শিশুদের শরীর বড়দের মতো প্রতিকূল আবহাওয়া সহ্য করতে পারে না। ঠান্ডাজনিত রোগের ঝুঁকি, নিউমোনিয়া, সর্দি-কাশি–এসবের আশঙ্কা এ সময়ে বহুগুণে বেড়ে যায়। অথচ এমন পরিস্থিতিতেও অভিভাবকদের বাধ্য হয়ে সন্তানদের স্কুলে পাঠাতে হচ্ছে, কারণ কোনো সুস্পষ্ট নির্দেশনা নেই। ফলে নিয়মের কঠোরতা আর শিশুদের স্বাস্থ্য–এই দুইয়ের দ্বন্দ্বে ক্ষতিগ্রস্ত হচ্ছে শিশুরাই। শিক্ষক ও অভিভাবকদের প্রস্তাব বাস্তবসম্মত–ক্লাস শুরুর সময় পিছিয়ে দেওয়া, প্রয়োজনে অস্থায়ী ছুটি ঘোষণা করা। দেশের অন্যান্য অঞ্চলে অতীতে শৈত্যপ্রবাহের সময় এমন সিদ্ধান্ত নজিরবিহীন নয়। এখানে প্রশাসনিক দেরি বা নির্দেশনার অভাব পরিস্থিতিকে আরও জটিল করছে। আবহাওয়া অফিসও বলছে, এমন অবস্থা আরও কয়েকদিন থাকতে পারে। তাহলে আগাম প্রস্তুতি কোথায়? শিক্ষা শুধু উপস্থিতির হিসাব নয়; এটি নিরাপদ ও স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিত করার দায়ও বহন করে। শীতবস্ত্র বিতরণ, বিদ্যালয়ে নিরাপদ উষ্ণতার ব্যবস্থা, সময়সূচি নমনীয় করা–এসব উদ্যোগ স্থানীয় প্রশাসন ও শিক্ষা কর্তৃপক্ষের সমন্বিতভাবে নেওয়া জরুরি। বিশেষ করে প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের ক্ষেত্রে মানবিক দৃষ্টিভঙ্গিই হওয়া উচিত প্রধান বিবেচ্য। এই শীতে সিদ্ধান্তহীনতার মূল্য যেন শিশুদের অসুস্থতায় পরিশোধ করতে না হয়। স্বাস্থ্যঝুঁকি বিবেচনায় দ্রুত, স্পষ্ট ও মানবিক নির্দেশনা এখন সময়ের দাবি।

# শিশুদের রুটিন: সুস্থ বায়োঘড়ি ও সুন্দর অভ্যাস গঠনের চাবিকাঠি

আশরাফুন নাহার



আমাদের শরীর বায়োঘড়ি অনুযায়ী চলে থাকে। ছোটবেলা থেকেই রুটিন অনুশীলন খুবই গুরুত্বপূর্ণ।শিশুদের উপযোগী সময়সূচি বা রুটিন তৈরি করতে হলে শিশুর বয়স, ঘুম, খেলা, পড়া ও বিশ্রাম–সবকিছু ভারসাম্য রেখে পরিকল্পনা করতে হয়। রুটিনে শিশুর প্রয়োজনীয় কাজ ও পছন্দের কাজের মধ্যে সমন্বয় থাকা খুবই গুরুত্বপূর্ণ। রুটিনের মাধ্যমে শিশু নিয়ম শিখে, নিরাপদ বোধ করে, মনোযোগ বাড়ে এবং ভালো আচরণ গড়ে ওঠে। শিশুদের উপযোগী রুটিন তৈরির ৭টি সহজ উপায়: ১. নির্দিষ্ট ঘুম ও জাগার সময় ঠিক করুন। - প্রতিদিন একই সময় ঘুমাতে ও উঠতে দিন। - ঘুমের আগে স্ক্রিন বন্ধ, নরম আলো। ২. খাবারের সময় নির্দিষ্ট করুন। - সকালের নাস্তা, দুপুরের খাবার ও রাতের খাবার এক সময়ে রাখতে সচেষ্ট হবেন। মাঝখানে হালকা স্ন্যাক্স দিতে পারেন।৩. পড়াশোনার জন্য নির্দিষ্ট সময় রাখুন ৪. খেলার জন্য পর্যাপ্ত সময় দিন - প্রতিদিন অন্তত ১ ঘণ্টা ফিজিক্যাল খেলা (বাসায় বা বাইরে)। - গ্রুপ খেলা হলে সামাজিক দক্ষতা বাড়ে। ৫. স্ক্রিন টাইম নিয়ন্ত্রণ করুন - নির্দিষ্ট সময় (যেমন: দিনে ৩০ মিনিট কার্টুন/শিক্ষামূলক ভিডিও তবে অবশ্যই ২ বছর বয়সের পর থেকে এবং এডাল্ট সুপারভিলনে।) - খাওয়ার সময় বা ঘুমের আগে স্ক্রিন নয়। ৬. বিশ্রাম ও পারিবারিক সময় রাখুন। - মা-বাবার সঙ্গে গল্প করা, বই পড়া, পুরানো দিনের ছবি দেখা বা অউটিং এর প্লান আলোচনার করার সময় রাখুন । - এই সময় শিশু নিরাপত্তা ও ভালোবাসা অনুভব করবে। পারিবারিক বন্ধন দৃঢ় হবে। ৭. রুটিন দৃশ্যমান রাখুন (ভিজুয়্যাল রুটিন)।- ছবিসহ রুটিন চার্ট ঘরে টানিয়ে দিন। - প্রতিটি কাজ শেষে মার্ক চিহ্ন দিলে উৎসাহ বাড়বে। এক্ষেত্রে টিক চিহ্ন, স্টার বা কলারফুল কালির কলম ব্যবহার করা যেতে পারে। পরামর্শ: - রুটিন তৈরীর সময় শিশুর মতামতকেও প্রাধান্য দিন। - কোনো কারনে রুটিনে অল্প পরিবর্তন আনলেও তা শিশুকে আগে থেকে জানান। - ভালোভাবে রুটিন মানলে শিশুর প্রশংসা করুন। -পুরষ্কার স্বরূপ বয়স ভেদে তাকে পছন্দের খাবার রান্না করে দিতে পারেন বা তার পছন্দের স্থানে ঘুরতে নিতে পারেন বা সামর্থ্য অনুযায়ী উপহার দিতে পারেন। নিজের ও পরিবারের অন্য সদস্যদেরও রুটিন অনুযায়ী চলা শিশুকে অনুপ্রেরণা দিবে। শিশুর সার্বিক বিকাশে নিয়মিত রুটিন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।(লেখক: ডেভেলোপমেন্টাল থেরাপিস্ট,শিশু বিকাশ কেন্দ্র শহীদ তাজউদ্দিন আহমেদ মেডিকেল কলেজ)

# মসজিদে নববী: পাথরের ভেতর সংরক্ষিত নবুয়তের স্মৃতি

মো. কবির হোসাইন

মসজিদে নববী কোনো সাধারণ স্থাপনা নয়–এটি নবুয়তের ইতিহাসের এক জীবন্ত আর্কাইভ। এখানে ইটপাথরের চেয়ে স্মৃতির ওজন বেশি, নীরবতার ভেতর লুকিয়ে আছে ওহি, অশ্রু, তওবা ও ইবাদতের অগণিত গল্প। মসজিদে প্রবেশ করলেই অনুভব করা যায়–এটি শুধু নামাজের জায়গা নয়; এটি রাসুলুল্লাহ (সা.)-এর জীবনচর্চার নীরব সাক্ষী। এই মসজিদের সম্মুখভাগে থাকা কিছু নির্দিষ্ট ঐতিহাসিক স্তম্ভ (উস্তুওয়ানাহ) সাধারণ দর্শনার্থীর চোখে হয়তো সাধারণ পাথরের স্তম্ভ মনে হতে পারে। কিন্তু প্রকৃত অর্থে এগুলো গুরুত্বপূর্ণ পাথরের কারণে নয়–গুরুত্বপূর্ণ এ কারণে যে, এগুলো এমন সব মুহূর্ত দেখেছে, যেগুলো ইসলামের ইতিহাসকে নতুন দিশা দিয়েছে। প্রতিটি স্তম্ভ একটি করে ঘটনা, একটি করে শিক্ষা। উস্তুওয়ানাহ হান্নানাহ আমাদের শেখায়–রাসুল (সা.)-এর সঙ্গে সৃষ্টিজগতের সম্পর্ক কত গভীর ছিল। একটি খেজুর গাছ তাঁর বিচ্ছেদে কেঁদে উঠেছিল–এ ঘটনা হৃদয়কে নরম করে দেয়।উস্তুওয়ানাহ সারীর মনে করিয়ে দেয়, ইবাদতের মাঝেও ভারসাম্য ও বিশ্রাম সুন্নাহ। উস্তুওয়ানাহ তাওবা, তওবার শক্তিশালী বার্তা বহন করে–ভুলের পর অনুতাপ ও আত্মসমর্পণ কীভাবে আল্লাহর রহমত টেনে আনে। উস্তুওয়ানাহ আয়েশা (রা.) আমাদের জানায়–কিছু স্থানের ফজিলত এমন, যা জানা থাকলে মানুষ সেখানে নামাজ আদায়ে প্রতিযোগিতা করত। উস্তুওয়ানাহ আলী (রা.) নবী (সা.)-এর নিরাপত্তায় সাহাবাদের আত্মত্যাগের স্মারক। উস্তুওয়ানাহ উফূদ ইসলামের দাওয়াত ও সংলাপের কেন্দ্র–যেখানে প্রশ্ন, যুক্তি ও প্রজ্ঞা মিলেমিশে ইতিহাস গড়েছে। উস্তুওয়ানাহ জিবরাঈল (আ.) ওহির আগমন পথের স্মৃতি বহন করে। আর উস্তুওয়ানাহ তাহাজ্জুদ রাতের নিঃশব্দতায় নবী (সা.)-এর একান্ত ইবাদতের চিহ্ন। মসজিদে নববী তাই কেবল একটি নামাজঘর নয়–এটি নবুয়তের জীবন্ত মানচিত্র। এখানে এসে শুধু ছবি তোলা বা দ্রুত চলে যাওয়ার সুযোগ নেই। একটু থামতে হয়, নীরব হতে হয়। কারণ স্তম্ভগুলো কথা বলে–শুধু শোনার মতো মন চাই। আল্লাহ তাআলা আমাদের সেই শোনার মতো হৃদয় দান করুন, যাতে আমরা পাথরের আড়ালে লুকিয়ে থাকা নবুয়তের শিক্ষা উপলব্ধি করতে পারি। আমিন।

## মুজিবনগরে অপহরণের ৬ ঘণ্টার

(প্রথম পৃষ্টার পর)

অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস)- জামিনুর রহমান খানের নেতৃত্বে জেলা গোয়েন্দা শাখা (ডিবি), মুজিবনগর থানা পুলিশ ও সাহেবপুর পুলিশ ক্যাম্পের যৌথ টিম অভিযান শুরু করে। অভিযানের একপর্যায়ে কোমরপুর টেংরামারি ব্রিজ সংলগ্ন মিন্টুর সেগুন বাগানের সামনে পুলিশের উপস্থিতি টের পেয়ে অপহরণকারীরা পুলিমকে লক্ষ করে ককটেলসদৃশ বস্তু নিক্ষেপ করে পালানোর চেষ্টা করে। পুলিশের ধাওয়া খেয়ে তারা ফাঁকা মাঠে মাহিদকে ফেলে রেখে পালিয়ে যায়। পরে পুলিশ তাকে সুস্থ অবস্থায় উদ্ধার করে। বর্তমানে মাহিদ জেলা পুলিশের হেফাজতে রয়েছেন। অপহরণকারীদের শনাক্ত করে গ্রেপ্তারে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা। পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায় বলেন, অপহরণের খবর পাওয়ার পরপরই পুলিশের একাধিক টিম মাঠে নামে। অপহৃতের মামার মুঠোফোনে মুক্তিপণ নিয়ে কথোপকথনের সূত্র ধরে অপহরণকারীদের অবস্থান শনাক্ত করা হয়। অপহৃতকে উদ্ধারে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে অভিযান চালানো হয়েছে। অপহরণকারীদের শনাক্ত করে গ্রেপ্তারের চেষ্টা চলছে।

## মেহেরপুরসহ ১১ জেলায় শৈত্যপ্রবাহ

(প্রথম পৃষ্টার পর)

বিতরণ চললেও চাহিদার তুলনায় তা পর্যাপ্ত নয়।

## মেহেরপুরে প্রাথমিক বিদ্যালয়ের

(প্রথম পৃষ্টার পর)

জাহিদুল ইসলাম বলেন– "উপস্থিতি মানেই শেখা নয়। প্রয়োজনে শিশুভিত্তিক শেখার মূল্যায়ন করতে হবে। শিক্ষককে প্রশিক্ষণ সুবিধা, শিশু বান্ধব ক্লাসরুম–সবই জরুরি।" অভিভাবক তহমিনা আক্তার আরও সরাসরি বললেন– "ফলাফলের কাগজে ভবিষ্যৎ লেখা যায় না। শেখার খাতা খালি থাকলে সামনে বাচ্চারা হোঁচট খাবে।" শিক্ষা কর্মকর্তারা বলছেন, শিক্ষকদের প্রশিক্ষণ, বিশেষ ক্লাস, শেখার মান যাচাই–এসব উদ্যোগ চলছে। কিন্তু বাস্তবায়ন নিয়ে প্রশ্ন শিক্ষকদেরই।

## মুজিবনগরে ওয়ার্ড মেম্বার সিরাজুলের

(প্রথম পৃষ্টার পর)

সহ-সভাপতি আজিমুদ্দিন গাজী, জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, উপজেলা কৃষক দলের সভাপতি আরমান আলী, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি সোহাগ, রমজান আলী, ইসরাফিল গাজীসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ। বিতরণ শেষে ৮ নম্বর ওয়ার্ড মেম্বার সিরাজুল ইসলাম বলেন, দীর্ঘ ১৫।১৬ বছর আওয়ামী লীগ সরকারের আমলে তিনি ইউনিয়ন পরিষদ থেকে তেমন কোনো বরাদ্দ পাননি। এরপরও প্রতি বছর শীত মৌসুমে নিজ উদ্যোগে তার ওয়ার্ডের গরিব ও দুঃখী মানুষের পাশে দাঁড়িয়ে মানবিক সেবা কার্যক্রম পরিচালনা করে আসছেন। তিনি আরও বলেন, সামর্থ্য থাকলে ভবিষ্যতেও এই মানবিক কার্যক্রম অব্যাহত থাকবে।

## আমঝুপিতে হাসিমুখ সংগঠনের

(প্রথম পৃষ্টার পর)

হুদা, মোহা: তহিদুল ইসলাম ও ইনামুল ইসলাম। এছাড়া উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক আশিক, সাংগঠনিক সম্পাদক আরিফ খান, দপ্তর সম্পাদক আব্দুল জব্বার, চিকিৎসা বিষয়ক সম্পাদক হাসমত উল্লাহ এবং সদস্য হাসিবুল, মামুন, রাফি, আকির, পলাশ, জাহিদ, সোহান, শিপলুসহ অন্যান্য স্বেচ্ছাসেবীরা। হাসিমুখ সংগঠন জানিয়েছে, শীতার্ত মানুষের পাশে দাঁড়াতে ভবিষ্যতেও এ ধরনের সামাজিক উদ্যোগ অব্যাহত থাকবে।

## ২০২৫ সালে মেহেরপুরে সড়ক

(প্রথম পৃষ্টার পর)

আকবপুর, গোপালনগর, কুলবাড়িয়া, আমঝুপিসহ জেলার বিভিন্ন স্থানে সংঘটিত সড়ক দুর্ঘটনায় শিশু, যুবক, বৃদ্ধ এবং নারীসহ অসংখ্য মানুষ প্রাণ হারান। ৫ জানুয়ারি: গাংনী উপজেলা গাড়াডোব গ্রামের এসএম আসাদুল ১২ দিন আহত থাকার পর মৃত্যুবরণ। ৮ জানুয়ারি: গাংনীর আকবপুরে পৃথক দুটি দুর্ঘটনায় ৩ জন যুবকের মৃত্যু। ২৭ জানুয়ারি: কুষ্টিয়া-মেহেরপুর সড়কের শুকুরকান্দিতে শিশু তাইসুজ্জামান নিহত। ৬ মে: গাংনীর বিভিন্ন এলাকায় দুটি দুর্ঘটনায় ২ জন নিহত। ২৩ জুলাই: নাটোরে ট্রাক-মাইক্রোবাস সংঘর্ষে ২ নারী নিহত। ২৮ নভেম্বর ও ১ ডিসেম্বর: গাংনী ও মানিকদিয়ায় শিশু নিহত। ২৩ ডিসেম্বর: মুজিবনগর ও চকশ্যামনগরে দুই যুবক ও এক শিশু নিহত। বছরের বিভিন্ন সময়ে মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষ, ট্রাক ধাক্কা, ইঞ্জিনচালিত গাড়ি উল্টে যাওয়া এবং পোল বা অবকাঠামো চাপা পড়ার মতো দুর্ঘটনাই মৃত্যুর প্রধান কারণ ছিল। এই পরিসংখ্যান থেকে দেখা যায়, মেহেরপুরে সড়ক নিরাপত্তার ক্ষেত্রে আরও কার্যকর পদক্ষেপের প্রয়োজন। বিশেষ করে মোটরসাইকেল ও ছোট যানবাহনের সঙ্গে ট্রাক ও ভারি গাড়ির সংঘর্ষ প্রতিরোধে সতর্কতা এবং সচেতনতা বৃদ্ধি জরুরি।

## তারেক রহমানের নিরাপত্তা টিমের

(প্রথম পৃষ্টার পর)

প্রায় এক যুগেরও বেশি সময় আগে তিনি বাংলাদেশ সেনাবাহিনী থেকে অবসর গ্রহণ করেন। দায়িত্ব পাওয়ার অনুভূতি জানতে চাইলে তিনি বলেন,"দল আমাকে যে আস্থা ও দায়িত্ব দিয়েছে, সেটি অত্যন্ত গৌরবের। আমি দায়িত্ব পালনে সর্বোচ্চ সতর্কতা, নিষ্ঠা ও পেশাদারিত্ব দেখাতে প্রতিশ্রুতিবদ্ধ।" তার এ নিয়োগে এলাকায় আনন্দের উচ্ছ্বাস দেখা দিয়েছে। স্থানীয় বিএনপি নেতাকর্মীরা বলছেন, জাতীয় রাজনীতিতে মেহেরপুরের একজন যোগ্য ব্যক্তির গুরুত্বপূর্ণ দায়িত্ব পাওয়া তাদের জন্য গর্বের বিষয়। মেহেরপুর জেলা বিএনপির এক নেতা বলেন, "এটি শুধু একজন ব্যক্তির সাফল্য নয়, আমাদের জেলার জন্য সম্মানের। আমরা বিশ্বাস করি, এই নিয়োগ বিএনপির সাংগঠনিক কাজেও ইতিবাচক প্রভাব ফেলবে।" স্থানীয় পর্যায়ে দলীয় নেতাকর্মীরা এই নিয়োগকে বিএনপির জন্য "সময়ের উপযোগী সিদ্ধান্ত" হিসেবে দেখছেন।

## দালালের প্রতারণায় সৌদিতে

(প্রথম পৃষ্টার পর)

মোতালেব হোসেন স্থানীয় দালাল ফজলুর রহমানের মাধ্যমে ৪ লাখ ৫০ হাজার টাকার বিনিময়ে সৌদি আরবে যান। সেখানে পৌঁছানোর পর দীর্ঘদিন পার হলেও তাকে কোনো কাজ দেওয়া হয়নি। একপর্যায়ে দালাল চক্র মোতালেবকে হাত-পা বেঁধে রেখে ভিডিও ধারণ করে তার পরিবারের কাছে অতিরিক্ত অর্থ দাবি করে বলে অভিযোগ পরিবারের। পরিবারের সদস্যরা জানান, ছেলেকে বাঁচানোর আশায় বিকাশের মাধ্যমে আরও ৪০ হাজার টাকা পাঠানো হলেও দালালদের টাকা দাবির শেষ হয়নি। এখনো বিভিন্ন সময় মোতালেবের পরিবারের কাছে অর্থ দাবি করা হচ্ছে। বিষয়টি নিয়ে একাধিকবার দালাল ফজলুর রহমানের কাছে গেলে কোনো সমাধান পাওয়া যায়নি। স্থানীয়ভাবে কয়েক দফা সালিশ বৈঠকের উদ্যোগ নেওয়া হলেও অভিযুক্ত দালাল সেখানে উপস্থিত হননি। মোতালেব হোসেনের বাবা কামাল হোসেন বলেন, দালালের কাছে জানতে চাইলে আমাদের প্রাণনাশের হুমকি দেওয়া হয়েছে। প্রশাসনের দ্বারস্থ হয়েও কোনো কার্যকর সহযোগিতা পাইনি। মোতালেবের মা তানজিলা খাতুন বলেন, আমার ছেলেকে দড়ি দিয়ে বেঁধে রাখা হয়েছে, ঠিকমতো খাবারও দেওয়া হয় না। আমরা গরিব বলে কোনো সাহায্য পাচ্ছি না। স্থানীয়রা জানান, দালাল চক্রের প্রতারণায় মোতালেবের পরিবার সর্বস্বান্ত হয়ে পড়েছে। তারা দ্রুত মোতালেবকে কাজ দেওয়া অথবা নিরাপদে দেশে ফিরিয়ে আনার দাবি জানান। হিন্দা গ্রামের ইউপি সদস্য নাজমুল হোসেন খোকন বলেন, বিষয়টি স্থানীয়ভাবে মীমাংসার চেষ্টা করা হয়েছিল। গ্রাম পুলিশ দিয়ে দালাল ফজলুর রহমানকে ডাকা হলেও তিনি সালিশে আসেননি, বরং গ্রাম পুলিশকে হুমকি দেন। এ বিষয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার দাস বলেন, এখনো কেউ লিখিত অভিযোগ দেয়নি। লিখিত অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। দালাল চক্রের প্রতারণায় মোতালেবের পরিবার আজ নিঃস্ব।

## 'লং সার্ভিস ডেকোরেশন' অ্যাওয়ার্ডে

(প্রথম পৃষ্টার পর)

তার দীর্ঘদিনের নিষ্ঠা, নেতৃত্ব ও অবদানের স্বীকৃতি হিসেবে এই সম্মাননা প্রদান করা হয়। তার এই অর্জনে আমাদের সূর্যোদয় পরিবার, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, স্কাউট সংগঠন এবং বিশিষ্ট ব্যক্তি তাকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন।

## কালীগঞ্জে ব্যাংক থেকে টাকা চুরি

নিজস্ব প্রতিবেদক.ঝিনাইদহ

ঝিনাইদহের কালীগঞ্জে সোনালী ব্যাংক শাখা-২ থেকে অভিনব কৌশলে চার লাখ টাকা চুরি হয়েছে বলে অভিযোগ উঠেছে। ব্যবসায়ী কামাল হোসেন গতকাল বুধবার দুপুরে টাকা তোলার পর ক্যাশ কাউন্টারের পাশে গুনছিলেন। এ সময় তিনি ব্যাগে রাখা দুই লাখ ৫০ হাজার টাকা হারিয়ে গেলে থানায় লিখিত অভিযোগ দায়ের করেন।থানার সূত্রে জানা গেছে, সিসি ক্যামেরার ফুটেজে দেখা গেছে, অজ্ঞাতপরিচয়ের তিনজন ব্যক্তি ব্যাগের ওপর ফাইল রাখে এবং টাকা চুরি করে চলে যায়। কালীগঞ্জ থানার পরিদর্শক মোফাজ্জেল হোসেন জানিয়েছেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছেছে এবং সিসি ফুটেজ দেখে চোর শনাক্তের চেষ্টা চলছে।

## পাতানো নির্বাচনের শঙ্কা জামায়াতের

সূর্যোদয় প্রতিবেদন

আইনশৃঙ্খলা বাহিনী ও প্রশাসনের একটি অংশের আচরণ নিয়ে উদ্বেগ প্রকাশ করে জামায়াতের নায়েবে আমির ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের বলেছেন, এ ধরনের পরিস্থিতি চলতে থাকলে অতীতের মতো আরেকটি পাতানো নির্বাচনের শঙ্কা তৈরি হচ্ছে। গতকাল বুধবার সকালে রাজধানীতে জামায়াতে আমিরের রাজনৈতিক কার্যালয়ে ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের ব্রিফিংয়ে তিনি এ মন্তব্য করেন। ডা. তাহের বলেন, আইনশৃঙ্খলা বাহিনী যেভাবে একটি নির্দিষ্ট দলের দিকে ঝুঁকে পড়ছে এবং প্রশাসন যেভাবে আনুগত্য প্রদর্শন করছে, তা অব্যাহত থাকলে একটি গ্রহণযোগ্য নির্বাচন সম্ভব হবে না। তার মতে, এ ধরনের পাতানো নির্বাচন দেশকে আবারও ধ্বংসের দিকে ঠেলে দিতে পারে। পরিস্থিতি নিয়ন্ত্রণে সরকার ও নির্বাচন কমিশনের কার্যকর ভূমিকার আহ্বান জানিয়ে তিনি বলেন, ইউরোপীয় ইউনিয়নকে স্পষ্টভাবে জানানো হয়েছে–জামায়াত আসন্ন নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ দেখতে চায়। তবে বাস্তবতায় প্রশাসনের পক্ষ থেকে একটি দলকে অতিরিক্ত গুরুত্ব দেওয়া হচ্ছে বলে অভিযোগ করেন তিনি। জামায়াত ক্ষমতায় এলে সব রাজনৈতিক দলের সঙ্গে সমন্বয়ের ভিত্তিতে সরকার গঠন করা হবে বলেও জানান ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের।=

## সেন্টমার্টিনকে ফিরিয়ে আনার সক্ষমতা বাংলাদেশের নেই: সচিব

সূর্যোদয় প্রতিবেদন

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ বলেছেন, দিন দিন আমরা সেন্টমার্টিন দ্বীপ হারাচ্ছি এবং এটি পুনরুদ্ধারের ক্ষমতা বর্তমানে বাংলাদেশের নেই। তাই যেকোনোভাবে দ্বীপকে বাঁচানোই একমাত্র সমাধান।গতকাল বুধবার কক্সবাজারে সেন্টমার্টিনের জীববৈচিত্র্য?্যের ওপর জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় 'অভিযোজন' শীর্ষক প্রকল্পের ইনসেপশন ওয়ার্কশপে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। ড. ফারহিনা বলেন, "আগামী প্রজন্মের জন্য সেন্টমার্টিনের পরিবেশ, জীববৈচিত্র, জলজ ও অনুজ জীব সংরক্ষণ করা অত্যাবশ্যক। দ্বীপ বেঁচে থাকলেই পর্যটন, স্থানীয় জনগোষ্ঠী সবকিছু রক্ষা করা সম্ভব। দ্বীপ হারালে সবাইকে নতুনভাবে খুঁজে বের করতে হবে।" তিনি আরও জানান, সরকারের সব কার্যক্রম গবেষণা ও বৈজ্ঞানিক তথ্যের ভিত্তিতে পরিচালিত হচ্ছে। জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সংগৃহীত তথ্য অনুযায়ী, অতীতে দ্বীপটিতে কী ছিল এবং বর্তমানে কী আছে–এ বিষয়ে মন্ত্রণালয়ের কাছে স্পষ্ট ধারণা রয়েছে। অনুষ্ঠানে পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. মো. কামরুজ্জামান, এনডিসি সভাপতিত্বে কর্মশালায় সচিব বলেন, "অনিয়ন্ত্রিত কার্যক্রম চলতে থাকলে সেন্টমার্টিনের ধ্বংস অনিবার্য।" তিনি মাস্টারপ্ল্যানের আওতায় স্থানীয় বাসিন্দাদের প্রশিক্ষিত করে দ্বীপ রক্ষার দায়িত্ব তাদের হাতে তুলে দেওয়ার পরিকল্পনাও জানিয়েছেন। ড. ফারহিনা আহমেদ আরও জোর দিয়ে বলেন, "সেন্টমার্টিন বাঁচাতে সকলকে একসাথে কাজ করতে হবে, নয়তো এই প্রাকৃতিক সৌন্দর্য হারিয়ে যাবে।"

## ভারতে খেলতে না যাওয়ার বিষয়ে বাংলাদেশ অনড়: আসিফ নজরুল

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ ভারতে আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপ খেলতে না যাওয়ার বিষয়ে অনড় অবস্থান নিয়েছে। এমনই জানান যুব ও ক্রীড়া এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক উপদেষ্টা আসিফ নজরুল। তিনি আশা প্রকাশ করেন, এই অবস্থান আইসিসি'র কাছে যুক্তিসম্মতভাবে ব্যাখ্যা করতে সক্ষম হবেন।

বুধবার সচিবালয়ে অনুষ্ঠিত বৈঠকে এ বিষয়ে বিসিবি সভাপতি আমিনুল ইসলাম বুলবুলসহ বোর্ডের পরিচালকরা এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বৈঠকে আসিফ নজরুল বলেন, "আমাদের ক্রিকেটারদের নিরাপত্তা, দেশের নিরাপত্তা এবং মর্যাদা–এটার ক্ষেত্রে আমরা কোনো আপস করব না। আমরা বিশ্বকাপে খেলতে চাই, তবে ভারত নয়, শ্রীলংকাতেও খেলতে প্রস্তুত।" তিনি আরও জানান, "আমরা কেন ভারতে খেলতে না চাই তা আইসিসিকে স্পষ্টভাবে বোঝাতে পারব। আইসিসি আমাদের যুক্তিগুলো নিরপেক্ষভাবে বিবেচনা করলে আমরা অর্জিত সুযোগ অনুযায়ী বিশ্বকাপে অংশ নিতে পারব।" উল্লেখ্য, আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপে গ্রুপ পর্বের চারটি ম্যাচই ভারতের মাঠে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। তবে বাংলাদেশি পেসার মোস্তাফিজকে আইপিএল থেকে বাদ দেওয়ার পর দুই দেশের কূটনৈতিক সম্পর্কের অবনতি এবং নিরাপত্তা শঙ্কার কারণে এই ম্যাচগুলো অনিশ্চিত হয়ে পড়েছে। বিসিবি ইতিমধ্যেই আইসিসিকে অনুরোধ করেছে, বাংলাদেশ দলের নিরাপত্তা বিবেচনায় এই ম্যাচগুলো অন্য স্থানে সরানোর জন্য।

## মোস্তাফিজকে আইপিএল থেকে বাদ দেওয়ায় ক্ষোভ প্রকাশ করলেন ওমর আবদুল্লাহ

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের উগ্র হিন্দুত্ববাদী নেতাদের চাপের কারণে বাংলাদেশ দলের পেসার মোস্তাফিজুর রহমানকে আইপিএল থেকে বাদ দেওয়ায় ক্ষোভ প্রকাশ করেছেন জম্মু-কাশ্মিরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লাহ। তিনি বলেন, বাংলাদেশের সঙ্গে মতানৈক্য থাকলে তা কেন্দ্রীয় সরকারের সঙ্গে সমাধান করা উচিত, ক্রিকেটারদের সঙ্গে নয়। মঙ্গলবার নয়াদিল্লির পার্লামেন্ট ভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ওমর আবদুল্লাহ বলেন, "ওই ক্রিকেটারের কী দোষ ছিল? বাংলাদেশের জনগণ আমাদের কী ক্ষতি করেছে? বাংলাদেশ কখনও আমাদের দেশে সন্ত্রাস ছড়ায়নি। আপনারা তাদের সঙ্গে লড়াই করছেন কেন?" এর আগে গত ডিসেম্বরের মিনি নিলামে ৯ কোটি ২০ লাখ রুপিতে আইপিএলে দল পান মোস্তাফিজুর রহমান। সম্প্রতি ভারতের ক্রিকেট কন্ট্রোল বোর্ড (বিসিসিআই) উগ্র রাজনৈতিক ও ধর্মীয় নেতাদের দাবির মুখে তাকে আইপিএল থেকে বাদ দেয়। মোস্তাফিজ ইস্যুতে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) জানিয়েছে, আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশ দল ভারতে অংশ নেবে না। এছাড়া এই ঘটনার প্রেক্ষিতে সরকার নির্দেশ দিয়েছে যে, বাংলাদেশে আইপিএল ম্যাচ সম্প্রচার করা হবে না। ওমর আবদুল্লাহর মন্তব্যে দেখা গেছে, আন্তর্জাতিক ক্রীড়ার পাশাপাশি রাজনৈতিক প্রভাব ও চাপের মধ্যে ক্রীড়াবিদদের নিরাপত্তা এবং মর্যাদা রক্ষা কতটা জরুরি তা পুনর্ব্যক্ত হয়েছে।

## গ্রিনল্যান্ড দখলের বিষয়ে যা জানাল হোয়াইট হাউস

সূর্যোদয় প্রতিবেদন

গ্রিনল্যান্ডের নিয়ন্ত্রণ নেওয়ার লক্ষ্যে সামরিক শক্তি ব্যবহারের বিষয়টি বিবেচনায় রাখছে যুক্তরাষ্ট্র–এমন ইঙ্গিত দিয়েছে হোয়াইট হাউস। ইউরোপ ও কানাডার নেতারা আর্কটিক অঞ্চলের এই ভূখণ্ডটি সেখানকার জনগণের মালিকানাধীন বলে দাবি করার পর যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে এই অবস্থান জানানো হয়। গতকাল এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে আন্তর্জাতিক সংবাদমাধ্যম আলজাজিরা। প্রতিবেদনে বলা হয়, মঙ্গলবার (৬ জানুয়ারি) হোয়াইট হাউসের এক বিবৃতিতে জানানো হয়েছে, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ডেনমার্কের অংশ গ্রিনল্যান্ড অধিগ্রহণকে যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তার অগ্রাধিকার হিসেবে দেখছেন। আর্কটিক অঞ্চলে যুক্তরাষ্ট্রের প্রতিপক্ষ শক্তিগুলোকে প্রতিহত করতে গ্রিনল্যান্ডের কৌশলগত গুরুত্ব রয়েছে বলে বিবৃতিতে উল্লেখ করা হয়। হোয়াইট হাউস জানায়, এই গুরুত্বপূর্ণ বৈদেশিক নীতির লক্ষ্য অর্জনে প্রেসিডেন্ট ট্রাম্প ও তার প্রশাসন বিভিন্ন বিকল্প নিয়ে আলোচনা চালিয়ে যাচ্ছে। এসব বিকল্পের মধ্যে মার্কিন সামরিক বাহিনী ব্যবহারের বিষয়টিও অন্তর্ভুক্ত থাকতে পারে বলে ইঙ্গিত দেওয়া হয়েছে। আলজাজিরার প্রতিবেদনে আরও বলা হয়, দীর্ঘদিনের মিত্র ডেনমার্কের কাছ থেকে গ্রিনল্যান্ড দখলের জন্য যুক্তরাষ্ট্রের যেকোনো পদক্ষেপ ন্যাটো জোটের জন্য বড় ধরনের ধাক্কা হতে পারে এবং এতে ট্রাম্প প্রশাসন ও ইউরোপীয় নেতাদের মধ্যে বিভেদ আরও গভীর হওয়ার আশঙ্কা রয়েছে। গ্রিনল্যান্ড নিয়ে ট্রাম্পের আগ্রহ প্রথম প্রকাশ পায় ২০১৯ সালে তার প্রথম মেয়াদে। সাম্প্রতিক সময়ে ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে লক্ষ্য করে কারাকাসে চালানো অভিযানের পর সেই আগ্রহ আবারও জোরালো হয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়। এই প্রেক্ষাপটে ট্রাম্প মন্তব্য করেছেন, পশ্চিম গোলার্ধে যুক্তরাষ্ট্রের আধিপত্য আর কখনো প্রশ্নবিদ্ধ হবে না। পাশাপাশি তিনি কলম্বিয়া ও কিউবার ওপরও চাপ বাড়িয়েছেন। ট্রাম্পের দাবি, গ্রিনল্যান্ড নিয়ন্ত্রণ করা যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তার জন্য অপরিহার্য। তার ভাষ্য অনুযায়ী, গ্রিনল্যান্ডের আশপাশের জলসীমায় রাশিয়া ও চীনের জাহাজের উপস্থিতি বাড়ছে, যা ডেনমার্ক এককভাবে মোকাবিলা করতে সক্ষম নয়।

অন্যদিকে, বিশ্বের বৃহত্তম দ্বীপ গ্রিনল্যান্ডে বসবাসকারী প্রায় ৫৭ হাজার মানুষ বারবার স্পষ্ট করে জানিয়েছে, তারা যুক্তরাষ্ট্রের অংশ হতে আগ্রহী নয়।

## ভেনেজুয়েলা ৫ কোটি ব্যারেল তেল তুলে দিচ্ছে যুক্তরাষ্ট্রের হাতে

সূর্যোদয় প্রতিবেদন

সামরিক অভিযানের মাধ্যমে ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো ও তার স্ত্রী সিলিয়া ফ্লোরেসকে অপহরণ করে যুক্তরাষ্ট্রে নিয়ে আসার পর এবার দেশটির বিপুল পরিমাণ জ্বালানি তেল যুক্তরাষ্ট্রে সরবরাহের ঘোষণা দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি জানিয়েছেন, ভেনেজুয়েলার অন্তর্বর্তী কর্তৃপক্ষ যুক্তরাষ্ট্রের কাছে ৩ থেকে ৫ কোটি ব্যারেল উচ্চমানের অপরিশোধিত তেল বিক্রি করতে সম্মত হয়েছে। মঙ্গলবার (৬ জানুয়ারি) নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে ট্রাম্প এ ঘোষণা দেন। তিনি জানান, ভেনেজুয়েলা থেকে আনা এই তেল সরাসরি যুক্তরাষ্ট্রে পাঠানো হবে। তেল পরিবহনের জন্য বিশেষ স্টোরেজ জাহাজ ব্যবহার করা হবে, যা যুক্তরাষ্ট্রের বিভিন্ন বন্দরে এসে তেল খালাস করবে। পুরো প্রক্রিয়া দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সংস্থাগুলোকে নির্দেশও দিয়েছেন তিনি। ট্রাম্প বলেন, এই তেল বিক্রি থেকে যে অর্থ আসবে, তা যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে তার নিয়ন্ত্রণে থাকবে। তবে তিনি দাবি করেন, এই অর্থ ভেনেজুয়েলার জনগণ এবং যুক্তরাষ্ট্র–উভয় দেশের কল্যাণে ব্যয় করা হবে। যদিও অর্থ ব্যয়ের নির্দিষ্ট খাত বা পরিকল্পনা সম্পর্কে তিনি বিস্তারিত কিছু জানাননি। এদিকে ভেনেজুয়েলা ইস্যুতে যুক্তরাষ্ট্রের শীর্ষ তেল কোম্পানিগুলোর সঙ্গে আলোচনা জোরদার হচ্ছে। হোয়াইট হাউস সূত্রে জানা গেছে, আগামী শুক্রবার ওভাল অফিসে এক বৈঠকে এক্সন, শেভরন ও কনোকোফিলিপসসহ বড় তেল কোম্পানির শীর্ষ কর্মকর্তারা অংশ নিতে পারেন। বৈঠকে ভেনেজুয়েলার তেল এবং যুক্তরাষ্ট্রের ভবিষ্যৎ জ্বালানি কৌশল নিয়ে আলোচনা হওয়ার কথা রয়েছে। বিশ্লেষকদের মতে, এই সিদ্ধান্তের মাধ্যমে যুক্তরাষ্ট্র একদিকে নিজের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে চাইছে, অন্যদিকে ভেনেজুয়েলার সঙ্গে সম্পর্ক নতুনভাবে সাজানোর কূটনৈতিক পথও তৈরি হচ্ছে। তবে এই উদ্যোগ বাস্তবে কতটা কার্যকর হবে এবং ভেনেজুয়েলার সাধারণ মানুষ আদৌ উপকৃত হবেন কি না–সেটিই এখন বড় প্রশ্ন। প্রসঙ্গত, বিশ্বের সবচেয়ে তেলসমৃদ্ধ দেশগুলোর একটি ভেনেজুয়েলা। যুক্তরাষ্ট্রের জ্বালানি তথ্য সংস্থা ইআইএ-এর হিসাবে, দেশটিতে মজুত রয়েছে প্রায় ৩০ হাজার ৩০০ কোটি ব্যারেল অপরিশোধিত তেল, যা বিশ্ব মজুতের প্রায় এক-পঞ্চমাংশ।

## মধ্যবর্তী নির্বাচনে হারলে অভিশংসন হতে পারে, উদ্বিগ্ন ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সতর্ক করেছেন, ২০২৬ সালের মধ্যবর্তী নির্বাচনে রিপাবলিকানদের জিততে হবে। জিততে না পারলে ডেমোক্র?্যাটরা তাকে অভিশংসনের প্রক্রিয়া শুরু করতে পারে। মঙ্গলবার (৬ জানুয়ারি) ওয়াশিংটনে প্রতিনিধি পরিষদে রিপাবলিকান সদস্যদের এক সম্মেলনে তিনি এ কথা বলেন। ট্রাম্প বলেন, "আগামী নভেম্বরে মধ্যবর্তী নির্বাচনে আপনাদের অবশ্যই জিততে হবে। না জিতলে ডেমোক্র?্যাটরা আমাকে অভিশংসনের একটি কারণ খুঁজে পাবে।চ তিনি হাউজ অব রিপ্রেজেন্টেটিভসের ৪৩৫ এবং সিনেটের ৩৩টি আসন রিপাবলিকানদের হাতে রাখা জরুরি উল্লেখ করেন। মধ্যবর্তী নির্বাচনে জয়ের ব্যাপারে ট্রাম্প আশাবাদী। তিনি বলেন, "আমরা মধ্যবর্তী জয় ছিনিয়ে আনব, যা দিয়ে ইতিহাস গড়ব এবং রেকর্ড ভাঙব।চ তবে সম্মেলনে মূল্যস্ফীতি ও জীবনযাত্রার খরচের বিষয়ে কোনো উল্লেখ করেননি। ট্রাম্প দাবি করেন, এসব সমস্যা ডেমোক্র?্যাটদের তৈরি এবং তার ঘাড়ে এসে পড়েছে। ট্রাম্পের বক্তব্যের কিছু অংশ অবান্তর ছিল। যেমন, তিনি বলেন, ওয়াশিংটনে গত সাত মাসে কোনো হত্যাকাণ্ড হয়নি, যদিও পুলিশ তথ্য ভিন্ন দেখায়। এছাড়া তিনি উল্লেখ করেন, গলফ খেলার সুযোগ পান না, অথচ সম্প্রতি তাকে গলফ মাঠে দেখা গেছে। বিশ্লেষকরা মনে করেন, বর্তমান কম ব্যবধানের রিপাবলিকান সংখ্যাগুলোর ওপর প্রেসিডেন্টের চাপ ও অভিশংসনের সম্ভাবনা ট্রাম্পকে নির্বাচনের আগে দলের সদস্যদের নিয়ন্ত্রণ এবং নিজস্ব নির্বাহী ক্ষমতা বাড়াতে উদ্বুদ্ধ করছে।